# বার্ষিক প্রতিবেদন
# ২০১৫-২০১৬

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন: ২০১৫-২০১৬

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**www.dife.gov.bd**




# মুখবন্ধ

বাংলাদেশের প্রায় ৮০ লক্ষ ইকোনোমিক ইউনিটে কর্মরত শ্রমজীবি মানুষের আইনগত অধিকার নিশ্চিত করা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর দায়িত্ব। তৈরি পোষাক শিল্প সেক্টরে উপর্যপুরি সংঘটিত দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ দিক-নির্দেশনায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে ১৫ জানুয়ারী, ২০১৪ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে রুপান্তর করা হয়। বর্তমানে প্রধান কার্যালয়সহ শিল্পঘন ২৩টি জেলায় স্থাপিত উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে সারাদেশে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫-এর বাস্তবায়নের উদ্দেশ্যে এ অধিদপ্তর কাজ করে যাচ্ছে।

কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকল্পে মালিক সংগঠন, শ্রমিক সংগঠন, সরকারের বিভন্ন দপ্তর-অধিদপ্তর এবং দেশী- বিদেশী অংশীজনগণের সাথে সমন্বয়ের মাধ্যমে অধিদপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ডিজিটাল বাংলাদেশ এবং ভিশন-২০২১ এর সাথে সংগতি রেখে অধিদপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে কারখানা ও প্রতিষ্ঠানের অনলাইন লাইসেন্সিং সিস্টেম এবং হেল্পলাইনের মাধ্যমে অভিযোগ গ্রহণ কার্যক্রম চালু করা হয়েছে। এছাড়াও, পরিদর্শন কার্যক্রম, প্রতিবেদন প্রেরণ ও আনুসাঙ্গিক কার্যক্রম ২০১৭ খ্রিস্টাব্দের মধ্যে ডিজিটাল পদ্ধতিতে প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রথমবারের মত ২০১৫-২০১৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে। অভিজ্ঞতার অভাব ও অনেক সীমাবদ্ধতা অতিক্রম করে প্রকাশিত হচ্ছে এ প্রতিবেদন। এতে যে সব ত্রুটি থাকবে, তা নিতান্তই অনিচ্ছাকৃত। ভবিষ্যতে এ কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা এবং বৃহৎ কলেবরে প্রকাশের অঙ্গীকার ব্যক্ত করছি। এ প্রতিবেদনে বিগত অর্থবছরের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সামগ্রিক কর্মকান্ডের চিত্র সংক্ষিপ্তাকারে উপস্থাপন করা হয়েছে। মাঠপর্যায়ের কার্যালয়সমূহের মাধ্যমে পরিচালিত কার্যক্রম এবং প্রাপ্ত তথ্যসমূহ এ প্রতিবেদনে সন্নিবেশ করা হয়েছে।

প্রতিবেদন প্রকাশে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।



সৈয়দ আহম্মদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর



# সম্পাদকীয়

স্বাস্থ্যসম্মত নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে টেকসই উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে ,কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সবার আগে সবার সাথে"- প্রতিপাদ্যকে ধারণ করে বিগত বছরে পরিচালিত কার্যক্রমের ভিত্তিতে প্রথমবারের মতো কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত

মাঠ পর্যায়ে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে সমগ্র বাংলাদেশের কারখানা ও প্রতিষ্ঠানসমূহে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ প্রতিপালন নিশ্চিত করে সারাদেশের শ্রমজীবি মানুষের কল্যাণে অধিদপ্তর কাজ করে যাচ্ছে। দেশের বিশাল শ্রমজীবি জনগোষ্ঠির তুলনায় অধিদপ্তরের জনবল ও অবকাঠামো নিতান্তই অপ্রতুল। এতদসত্ত্বেও, বিগত বছরগুলোতে অগ্রাধিকারভিত্তিতে শ্রমিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলি নির্ধারণ করে অধিদপ্তরের কর্মকান্ড পরিচালনা করা হয়েছে। এ বার্ষিক প্রতিবেদনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থবছরের কার্যক্রম প্রতিফলিত হয়েছে।

প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে তাঁদের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।



মোঃ সামছুজ্জামান ভূইয়া
(অতিরিক্ত সচিব)
অতিরিক্ত মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

# পত্রবিন্যাস:


| বিষয় | পত্র পৃষ্ঠা |
|---|---|
| **০১. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, মিশন ও ভিশন** | **০৫-১২** |
| ১.১ পটভূমি | |
| ১.২ ভিশন | |
| ১.৩ মিশন | |
| ১.৪ কার্যক্রম | |
| ১.৫  অধিদপ্তরের জনবল | |
| ১.৬ অধিদপ্তরের যানবাহন ও যন্ত্রপাতি | |
| ১.৭ সাংগঠনিক কাঠামো | |
| ১.৮ কার্যালয় সমূহ | |
| **০২. প্রধান কার্যালয়** | **১২-২৯** |
| ২.১. প্রশাসন ও উন্নয়ন শাখা | |
| ২.২. সেইফটি শাখা | |
| ২.৩ স্বাস্থ্য শাখা | |
| ২.৪ সাধারণ শাখা | |
| **০৩. উপমহাপরিদর্শকের কার্যালয়** | **২৯** |
| **০৪. প্রকল্পসমূহ:** | **৩০-৩১** |
| ৪.১ চলমান প্রকল্প | |
| ৪.২ প্রস্তাবিত প্রকল্প | |
| **০৫. বৈশ্বিক অংশীজনের সাথে সমন্বিত কার্যক্রম** | **৩১-৩২** |
| ৫.১ আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) | |
| ৫.২ ডেনমার্ক | |
| ৫.৩ জিআইজেড | |
| **০৬. ভবিষ্যত পরিকল্পনা** | **৩২-৩৩** |
| ৬.১ ডিজিটাল পদ্ধতীতে অধিদপ্তরের সকল কার্যক্রম সম্পাদন | |
| ৬.২ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি ইনস্টিটিউট | |
| ৬.৩ পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সংস্কৃতি | |
| ৬.৪ শ্রমিকদের ডাটাবেজ তৈরি | |
| ৬.৫ সকল জেলায় কার্যালয় স্থাপন | |
| ৬.৬ শিশুশ্রম নিরসন পরিকল্পনা | |
| ৬.৭ ঝুঁকিপূর্ণ শিল্প নীরিক্ষা কার্যক্রম পরিকল্পনা | |
| **০৭. অন্তরায়সমূহ** | **৩৩** |
| **০৮. সিটিজেন চার্টার** | **৩৪-৪২** |

## ০১. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, মিশন ও ভিশন

## ১.১ পটভূমি:

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়াধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, এর বিধান অনুযায়ী শ্রমিকদের কল্যাণ, পেশাগত স্বাস্থ্য ও কর্মক্ষেত্রে নিরাপত্তামূলক ব্যবস্থাসমূহ বাস্তবায়নসহ শ্রম ক্ষেত্রে শৃঙ্খলা সমুন্নত রেখে মালিক, শ্রমিক, সরকার ও বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয়ের কাজ করে যাচ্ছে। ১৯৬৯ খ্রিস্টাব্দে তৎকালীন পাকিস্তান সরকারের শ্রম নীতির আলোকে ও এয়ার ভাইস মার্শাল নূর খানের রিপোর্টের ভিত্তিতে শ্রম দপ্তরকে- (১) শ্রম পরিদপ্তর (২) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর এবং (৩) ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রেশন পরিদপ্তর-এ তিনভাগে ভাগ করা হয়। ১৯৬৯ খ্রিস্টাব্দের শ্রম নীতি এবং শ্রম পরিদর্শন সম্পর্কিত ৮১ নং আই.এল.ও কনভেনশন অনুযায়ী ১৯৭০ খ্রিস্টাব্দে কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর নামে একটি স্বতন্ত্র পরিদপ্তর সৃষ্টি হয়। গৌরবময় মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ খ্রিস্টাব্দে বিশ্ব মানচিত্রে স্বাধীন ও সার্বভৌম দেশ হিসাবে অভ্যুদয় ঘটে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশের। স্বাধীনতা লাভের ৪২ বছরে এ দীর্ঘপথ পরিক্রমায় বাংলাদেশে গড়ে উঠেছে অসংখ্য কলকারখানা, দোকান ও বাণিজ্যিক প্রতিষ্ঠান। জাতীয় অর্থনীতিতে শিল্প ও বাণিজ্য সেক্টরের ভূমিকা প্রতিদিনই বাড়ছে। এসব সেক্টরে কাজ করছে লক্ষ লক্ষ শ্রমিক-কর্মচারী। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ক্রমবর্ধমান বিপুল সংখ্যক শ্রমজীবি মানুষের আইনগত অধিকার, নিরাপদ ও স্বাস্থ্য সম্মত কর্মপরিবেশ নিশ্চিত করার দায়িত্ব পালন করে আসছে।

এ বিপুল সংখ্যক কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শ্রম আইন প্রয়োগের দায়িত্ব পালন করে যাচ্ছিল। বিশেষতঃ গার্মেন্টস কারখানায় কমপ্লায়েন্স নিশ্চিত করার ক্ষেত্রে এ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছিল। জনবল ও অবকাঠামো ছিল সারা দেশের কারখানা এবং দোকান ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের তুলনায় নিতান্তই অপ্রতুল। এমন বাস্তবতায় ২০১৪ খ্রিস্টাব্দের ১৫ জানুয়ারি তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করে জনবল বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়। গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতায় ০১টি প্রধান কার্যালয়, ০৪টি বিভাগীয় কার্যালয়, ০৪টি আঞ্চলিক কার্যালয় এবং ২৩টি শাখা কার্যালয় সহ মোট ৩২টি কার্যালয়ে ৩১৪ জন জনবলের স্থলে ০১টি প্রধান কার্যালয় ও ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের জন্য বিভিন্ন ক্যাটাগরীর ৬৭৯টি পদ রাজস্বখাতে সৃজন পূর্বক মোট ৯৯৩ জনবলের সমন্বয়ে সকল আনুষ্ঠানিকতা পালন পূর্বক অধিদপ্তরে উন্নীত করা হয়।



### ১.২ অধিদপ্তরের রুপকল্প (Vision)

নিরাপদ কর্মস্থল, শোভন কর্মপরিবেশ ও শ্রমিকদের জন্য উন্নত জীবনমান।

### ১.৩ অভিলক্ষ্য (Mission)

- শ্রমিকদের জন্য উন্নত কর্মপরিবেশ সৃষ্টি
- বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ বাস্তবায়ন
- শিশুশ্রম নিরসন
- কর্মক্ষেত্রে শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণ
- বিভিন্ন খাতে ঘোষিত ন্যূনতম মজুরি বাস্তবায়ন নিশ্চিতকরণ

### ১.৪ কার্যক্রম:

- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৩) ও বিদ্যমান বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫-এর বিধান অনুযায়ী শ্রমিকদের নিয়োগ সংক্রান্ত শর্তাবলী, নিরাপত্তা, স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি, কল্যাণ, মজুরী পরিশোধ, কাজের সময় নির্ধারণ, ছুটি ইত্যাদি বিষয় প্রয়োগের জন্য কারখানা, দোকান, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, চা-বাগান, অভ্যন্তরীণ জল পরিবহন, সড়ক পরিবহন প্রভৃতি পরিদর্শন করা;
- শ্রমিকগণের নিকট হতে প্রাপ্ত অভিযোগ সমূহ তদন্ত করে আইনানুগ ভাবে নিস্পত্তি করা ;
- আইন অমান্যকারীদের বিরুদ্ধে শ্রম আদালতে মামলা রুজু করা;
- কারখানা নির্মাণ, প্রতিস্থা বা সম্প্রসারণের জন্য কারখানা ভবনের নকশা ও মেশিন লে-আউট প্ল্যান ইত্যাদি অনুমোদন করা;
- কারখানার রেজিষ্ট্রেশন, সনদপত্র ইস্যু ও নবায়ন প্রদান করা ;
- শ্রম আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারী, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই.এল.ও) সহ অন্যান্য আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা এবং শ্রমিক ও মালিক প্রতিনিধির সাথে আলোচনার মাধ্যমে শ্রম আইন বাস্তবায়ন করা;
- কারখানা কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে শ্রম আইনে প্রদত্ত ক্ষমতাবলে শ্রম আইনের কতিপয় ধারা হতে অব্যাহতি প্রদান করা;
- শ্রম আইন বা পরিদর্শন সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা;
- আই.এল.ও কনভেনশন ও রিকমেন্ডেশন সম্পর্কিত আই.এল.ও কর্তৃক চাহিত তথ্য প্রদান করা;
- শ্রম আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট শ্রম পরিদর্শন, মজুরী প্রশাসন, উৎপাদনশীলতা, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত সভা, সেমিনার, সিম্পোজিয়াম প্রভৃতিতে সরকারের প্রতিনিধিত্ব করা ;
- শ্রম সম্পর্কিত আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও সংশোধনে সরকার ও বিভিন্ন সরকারি সংস্থাকে সহযোগিতা করা।

**১.৫ অধিদপ্তরের জনবল:**

১ম শ্রেণি

| ক্র: নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | মহাপরিদর্শক | ১ | ১ | - | প্রেষণের মাধ্যমে পূরণযোগ্য |
| ২ | অতিরিক্ত মহাপরিদর্শক | ১ | ১ | - | প্রেষণের মাধ্যমে পূরণযোগ্য |
| ৩ | যুগ্ম-মহাপরিদর্শক | ৪ | ৪ | - | |
| ৪ | উপ-মহাপরিদর্শক | ২৭ | ২৭ | - | নারী-০২ জন |
| ৫ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৯৬ | ১৩ | ৮৩ | নারী-০২ জন |
| ৬ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ৪১ | ৪ | ৩৭ | নারী-০০ |
| ৭ | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ৪১ | ১১ | ৩০ | নারী-০১ |
| ৮ | পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা | ১ | ০ | ১ | ০ |
| ৯ | তথ্য ও জনসংযোগ কর্মকর্তা | ১ | ০ | ১ | ০ |
| ১০ | গ্রন্থাগারিক | ১ | ০ | ১ | ০ |
| ১১ | আইন কর্মকর্তা | ১ | ০ | ১ | ০ |
| | মোট | ২১৫ | ৬১ | ১৫৪ | নারী-০৫ জন |

২য় শ্রেণি

| ক্র: নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | প্রশাসনিক কর্মকর্তা | ১ | ১ | - | |
| ২ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ২৪৮ | ১৫২ | ৯৬ | নারী-২৯ জন |
| ৩ | শ্রম পরিদর্শক (সেফটি) | ৫৮ | ১৮ | ৪০ | নারী-০৪ জন |
| ৪ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ৫৮ | ২৫ | ৩৩ | নারী-১০ জন |
| | **মোট** | ৩৬৫ | ১৯৬ | ১৬৯ | নারী-৪৩ জন |

৩য় ও ৪র্থ শ্রেণি


| ক্র: নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৩য় শ্রেণির কর্মচারি | ২০৬ | ১০৫ | ১০১ | ১৯ জন নারী |
| ২ | ৪র্থ শ্রেণির কর্মচারি | ২০৭ | ৩২ | ১৭৫ | ০৪ জন নারী |





## ১.৬ অধিদপ্তরের যানবাহন ও যন্ত্রপাতি

| ক্রমিক নং | যানবাহন/যন্ত্রাপাতির নাম | অনুমোদিত যানবাহন ও যন্ত্রপাতির সংখ্যা | বিদ্যমান যানবাহন ও যন্ত্রপাতির সংখ্যা |
|---|---|---|---|
| ১ | জীপ | ৩ | ৩ |
| ২ | কার | ৪ | ১ |
| ৩ | মাইক্রোবাস | ৩০ | ২৭ |
| ৪ | মটরসাইকেল | ৩৬৫ | ২১০ |
| ৫ | কম্পিউটার | ৩০০ | ১২৮ |
| ৬ | প্রিন্টার | ২৯৮ | ৬৯ |
| ৭ | ল্যাপটপ | ৬ | ৩৪ |
| ৮ | প্রজেক্টর | ৩ | ৯ |
| ৯ | মুভি ক্যামেরা | ২৩ | ২ |
| ১০ | ডিজিটাল ক্যামেরা | ২৪ | ১১ |
| ১১ | ফ্যাক্স মেশিন | ২৪ | ৯ |
| ১২ | ফটোকপি মেশিন | ৩০ | ৩০ |
| ১৩ | সাউন্ড লেবেল মিটার | ২০০ | ৫৪ |
| ১৪ | এ্যানিমোমিটার | ২০০ | ০ |
| ১৫ | লাক্স মিটার | ২০০ | ০ |

# ১.৭ সাংগঠনিক কাঠামো (Organogram):







**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন কার্যালয় সমূহ ঃ**

| অনুমোদিত দপ্তরের নাম | অনুমোদিত দপ্তরের সংখ্যা |
|---|---|
| প্রধান কার্যালয় | ০১ |
| জেলা কার্যালয় | ২৩ |
| মোট | ২৪ |

### শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| মহাপরিদর্শক | = মঃ পঃ |
| অতিরিক্ত মহাপরিদর্শক | = অতিঃ মহাঃ পরিঃ |
| যুগ্ম মহাপরিদর্শক | = যুঃ-মহাঃ পরিঃ |
| উপ মহাপরিদর্শক | = উঃ মহাঃ পঃ |
| সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | = সঃ মহাঃ পঃ (সাঃ) |
| সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | = সঃ মহাঃ পঃ (স্বাঃ) |
| সহকারী মহাপরিদর্শক (সেফটি) | = সঃ মহাঃ পঃ (সেঃ) |
| পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা | = পঃ ও গঃ কঃ |
| তথ্য ও গণসংযোগ কর্মকর্তা | = তঃ ও গঃ কঃ |
| ষ্টাফ অফিসার টু মহাপরিদর্শক | = ষ্টাঃ অঃ টু মঃ পঃ |
| গ্রন্থাগারিক | = গ্রন্থঃ |
| আইন কর্মকর্তা | = আঃ কঃ |
| প্রশাসনিক কর্মকর্তা | = প্রঃ কঃ |
| শ্রম পরিদর্শক (সাধারণ) | = শ্রঃ পঃ (সাঃ) |
| শ্রম পরিদর্শক (সেফটি) | = শ্রঃ পঃ (সেঃ) |
| শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | = শ্রঃ পঃ (সাঃ) |
| পরিসংখ্যান সহকারী | = প্রঃ সঃ |
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | = সাঁটঃ লিঃ কঃ অঃ |
| কম্পিউটার অপারেটর | = কঃ অঃ |
| প্রধান সহকারী | = প্রঃ সঃ |
| হিসাব রক্ষক | = হিঃ রঃ |
| উচ্চমান সহকারী | = উঃ সঃ |
| সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | = সাঁটঃ মুঃ কঃ অঃ |
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | = অঃ সঃ কঃ মুঃ |
| হিসাব সহকারী | = হিঃ সঃ |
| টেলিফোন অপারেটর | = টেঃ অঃ |
| মাল্টিমিডিয়া প্রজেক্টর টেকনিশিয়ান | = মাঃ প্রঃ টেঃ |
| গাড়ী চালক | = গাঃ চাঃ |
| এম, এল, এস, এস | = এম, এল, এস, এস |
| মালী | = মাঃ |
| দারোয়ান | = দাঃ |
| সুইপার | = সুঃ |

| ক্রমিক নং | প্রস্তাবিত পদের নাম | মোট পদের সংখ্যা |
|---|---|---|
| ০১. | মহাপরিদর্শক | ০১ |
| ০২. | অতিরিক্ত মহাপরিদর্শক | ০১ |
| ০৩ | যুগ্ম মহাপরিদর্শক | ০৪ |
| ০৪ | উপ মহাপরিদর্শক | ২৭ |
| ০৫ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৯৬ |
| ০৬ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ৪১ |
| ০৭ | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ৪১ |
| ০৮ | পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা | ০১ |
| ০৯ | তথ্য ও গনসংযোগ কর্মকর্তা | ০১ |
| ১০ | গ্রন্থাগারিক | ০১ |
| ১১ | আইন কর্মকর্তা | ০১ |
| ১২ | প্রশাসনিক কর্মকর্তা | ০১ |
| ১৩ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ২৪৮ |
| ১৪ | শ্রম পরিদর্শক (সেফটি) | ৫৮ |
| ১৫ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ৫৮ |
| ১৬ | পরিসংখ্যান সহকারী | ০১ |
| ১৭ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ০৬ |
| ১৮ | কম্পিউটার অপারেটর | ০১ |
| ১৯ | প্রধান সহকারী | ০৫ |
| ২০ | হিসাব রক্ষক | ০১ |
| ২১ | উচ্চমান সহকারী | ২২ |
| ২২ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০৭ |
| ২৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১২৪ |
| ২৪ | হিসাব সহকারী | ০১ |
| ২৫ | টেলিফোন অপারেটর | ০১ |
| ২৬ | মাল্টিমিডিয়া প্রজেক্টর টেকনিশিয়ান | ০১ |
| ২৭ | গাড়ী চালক | ৩৬ |
| ২৮ | এম, এল, এস, এস | ১৫৬ |
| ২৯ | মালী | ০১ |
| ৩০ | দারোয়ান | ২৫ |
| ৩১ | সুইপার | ২৫ |
| | মোট= | ৯৯৩ |

**যানবাহন ও অফিস সরঞ্জামাদির বিবরণী**

| ক্রমিক নং | যানবাহন/যন্ত্রপাতির নাম | বিদ্যমান যানবাহন ও যন্ত্রপাতির সংখ্যা | অনুমোদিত যানবাহন ও যন্ত্রপাতির সংখ্যা | মোট |
|---|---|---|---|---|
| ০১. | জীপ | ০১ | ০২ | ০৩ |
| ০২. | কার | ০৪ | ০ | ০৪ |
| ০৩. | মাইক্রোবাস | ০২ | ২৮ | ৩০ |
| ০৪. | মটরসাইকেল | ৩০ | ৩৩৫ | ৩৬৫ |
| ০৫. | কম্পিউটার | ০০ | ৩০০ | ৩০০ |
| ০৬. | প্রিন্টার | ০০ | ২৯৮ | ২৯৮ |
| ০৭. | ল্যাপটপ | ০০ | ০৬ | ০৬ |
| ০৮. | প্রজেক্টর | ০০ | ০৩ | ০৩ |
| ০৯. | মুভি ক্যামেরা | ০০ | ২৩ | ২৩ |
| ১০. | ডিজিটাল ক্যামেরা | ০০ | ২৪ | ২৪ |
| ১১. | ফ্যাক্স মেশিন | ০০ | ২৪ | ২৪ |
| ১২. | ফটোকপি মেশিন | ০০ | ৩০ | ৩০ |
| ১৩. | সাউন্ড লেবেল মিটার | ০০ | ২০০ | ২০০ |
| ১৪. | এ্যানিমোমিটার | ০০ | ২০০ | ২০০ |
| ১৫. | লাক্স মিটার | ০০ | ২০০ | ২০০ |

## ১.৮ কার্যালয়সমূহ:

### উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, ঠিকানা ও যোগাযোগ

| নং | জেলার নাম | উপমহাপরিদর্শকের নাম | উপমহাপরিদর্শকের কার্যালয়ের ঠিকানা | মোবাইল নম্বর | E-mail id |
|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | মো: জাকির হোসেন | ২৯, পুরানা পল্টন, ঢাকা। | ০১৭১১৮৬৮৭৭৮ | digfe.dhaka@gmail.com |
| ২ | নারায়ণগঞ্জ | শেখ আসাদুজ্জামান | লামাপাড়া, আমেনা স্বপ্ন টাওয়ার (২য় তলা) (ফতুল্লা স্টেডিয়াম পূর্ব পাড়া), ফতুল্লা, নারায়ণগঞ্জ। | ০১৭১২২০৩৫৯৬ | dig.narayanganj@gmail.com |
| ৩ | গাজীপুর | ফরিদ আহম্মেদ | শিল্প সম্পর্ক শিক্ষায়তন রোড, টঙ্গী, গাজীপুর। | ০১৭১৫০৯৮৩৮৩ | dig.gazipur@gmail.com |
| ৪ | নরসিংদী | মো: ইউসুফ আলী | ২৬/২ তরোয়া, জেলখানা মোড়. নরসিংদী। | ০১৭১১১৭০০৫৩ | narsingdidife@gmail.com |
| ৫ | মুন্সিগঞ্জ | জুলিয়া জেসমিন | ভুইয়া ম্যানশন ২য় তলা, সদর হাসপাতাল রোড, পঞ্চসার, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ। | ০১৭১৮২৫৩৪৫৫ | dig.munshigonj@gmail.com |
| ৬ | ময়মনসিংহ | ডা: মোস্তাফিজুর রহমান | ১৭০ কালি বাড়ি (৩য় তলা), ময়মনসিংহ। | ০১৭১১৬৪১৩৪৫ | dig.mymensingh1@gmail.com |
| ৭ | টাঙ্গাইল | বুলবুল আহমেদ | বি/২৪/১০ প্রান্ত ভিলা (৩য় তলা), বিশ্বাস বেতকা, আট পুকুর পাড়, ঢাকা রোড, টাঙ্গাইল। | ০১৭২৫৯১৪৮৪১ | dig.tangail.dife. @gmail.com |
| ৮ | মানিকগঞ্জ | মো: সহিদুল ইসলাম | বাড়ী নং- ৫৬, ব্লক-টি, গঙ্গাধরপট্টি, মানিকগঞ্জ- ১৮০০। | ০১৭১২০২৯২৯৭ | digmanikgonj2014@gmail.com |
| ৯ | কিশোরগঞ্জ | মো: খোরশেদ আলম | ৩৪২/১, সাগর ভিলা, পশ্চিম হারুয়া (কশাই খানা), কিশোরগঞ্জ। | ০১৭৩৯৭৯৯৯২৫ | digkishoregonj@gmail.com |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ | চট্টগ্রাম | মো: আব্দুল হাই খান | জাম্বরী মাঠ, আগ্রাবাদ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম-৪১০০। | ০১৯২০৬৬৭৯৩৩ | digctg@gmail.com |
| ১১ | কুমিল্লা | মো: ইকবাল আহম্মেদ | ৭৭৫, দক্ষিণ চর্থা, সদর হাসপাতাল রোড (সরকারী মহিলা কলেজের দক্ষিণ পার্শ্বে), কুমিল্লা। | ০১৭১৪২১১১৫৮ | dogfcom@gmail.com |
| ১২ | খুলনা | মহর আলী মোল্লা | শ্রম ভবন (৩য় তলা), বয়রা, খুলনা-৯০০০। | ০১৭১২৪২৮১২৭ | dig.khulna@gmail.com |
| ১৩ | যশোর | মো: সিরাজুল ইসলাম | বাড়ী নং-২৩৬, প্লট নং-০৮, সেক্টর- ০৯, যশোর হাউজিং এষ্টেট, শেখহাটি বাবলা তলা, ঢাকা রোড, যশোর-৭৪০০। | ০১৭১৬০৩২৯১৬ | dig.jessore@gmail.com |
| ১৪ | কুষ্টিয়া | হিমন কুমার সাহা | রাহাত ভিলা, ৫৪/১. ঝিনাইদহ রোড, উপজেলা মোড়, কুষ্টিয়া-৭০০০। | ০১৭১২৯৭৯৬৮২ | digkushtia@gmail.com |
| ১৫ | বরিশাল | মো: হাসিবুজ্জামান | ১৬৯৪, অনামিকা ব্যাংকার্স হাউজ (৩য় তলা), কাশিপুর বাজার, বরিশাল। | ০১৭১৫৩০০৯৫০ | dife.barisal.dig@gmail.com |
| ১৬ | সিলেট | মো: আরিফুল হক | মির্জাভিলা (৩য় তলা), পল্লবী, ৯/২, আবাসিক এলাকা. পশ্চিম পাঠন টুলা. সিলেট-৩১০০। | ০১৯৮৭৪৪৫১১৬ | dig.sylhet.bd@gmail.com |
| ১৭ | মৌলভীবাজার | মোস্তাফিজুর রহমান | ভানুগাছ এ্যাপ্রোচ রোড (রেল গেট), খালেদা বুলবুল নিবাস, শ্যামলী আবাসিক এলাকা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার-৩২১০ | ০১৯১৫৯৬৭৭৭২ | dig.moulovibazar@gmail.com |
| ১৮ | রংপুর | আবদুল কাইউম | ১৩৭/৭ ঈশান চন্দ্র চক্রবর্তী রোড, আর, সিসি, আই স্কুল এন্ড কলেজ মোড়, পূর্ব | ০১৬৭৬১১৯৫৬৫ | akaium.du@gmail.com |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | শালবন, রংপুর। | | |
| ১৯ | দিনাজপুর | মেহেদী হাসান | বালুয়া ডাংগার মোড়, পাহাড়পুর, দিনাজপুর। | ০১৭১৭৯৫৪৩৭৪ | dig.dinajpur.dife@gmail.com |
| ২০ | রাজশাহী | মো: কামরুল হাসান | ৬৯, আলম এ্যাপার্টমেন্ট, বিসিক মোড়, সপুরা, রাজশাহী। | ০১৭১৯২৩০৭৭৩ | dig.mole.rajshahi@gmail.com |
| ২১ | বগুড়া | মো: তবিবর রহমান | বাড়ী নং-জি-১২৫, রহমান নগর, বগুড়া-৫৮০০। | ০১৭১১৯০০৭৮৭ | digbogra@gmail.com |
| ২২ | পাবনা | মো: মোর্তজা মোরশেদ | এ/১১৪, বল্ক-বি, লাইব্রেরী বাজার, ডিসি রোড, পাবনা-৬৬০০। | ০১৭৪৪৩০০৩০০ | digpabna@gmail.com |
| ২৩ | সিরাজগঞ্জ | মো: আজিজুল ইসলাম | সিরাজী বাড়ী, বাণীকুঞ্জ, সিরাজী রোড, (প্রধান ডাকঘরের উত্তর পার্শ্বে), সিরাজগঞ্জ। | ০১৭১১৮৩৫৫৫২ | digsirajgonj@gmail.com |

**০২. প্রধান কার্যালয়:**

প্রধান কার্যালয়- ২৩-২৪, কাওরানবাজার, বিএফডিসি ভবন (৩য় ও ৪র্থ তলা) ঢাকা-১২১৫।

**২.১ প্রশাসন ও উন্নয়ন শাখা:** যুগ্মমহাপরিদর্শকের অধীনে ০১ জন উপমহাপরিদর্শক এবং ৬জন ১ম শ্রেনির কর্মকর্তার সমন্বয়ে প্রশাসন শাখাসহ ৫টি উপশাখার মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রশাসনিক, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, অধিদপ্তরের জনবলের দক্ষতাবৃদ্ধি, অবকাঠামো উন্নয়ন, নিয়োগ-বদলী, বাজেট প্রণয়ন, ব্যয় বিভাজন, ক্রয় পরিকল্পনা, আইনগত বিষয়াদি, প্রকাশনা ও গণসংযোগ, তথ্য-উপাত্ত সংগ্রহ, প্রকাশনা ও সংরক্ষণ প্রভৃতি কার্যক্রমে এ শাখার মাধ্যমে মহাপরিদর্শক ও অতিরিক্ত  মহাপরিদর্শককে সহযোগিতা করা হয়।

**প্রশিক্ষণ (২০১৫-২০১৬):**

| ক্রমিক | প্রশিক্ষণের স্থান | প্রশিক্ষণ সংখ্যা | অংশগ্রহণকারী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | দেশে | ৩২টি | ৪২২ জন | কর্মকর্তাগণ একাধিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন |
| ০২. | বিদেশে | ১৫টি | ৫৮ জন | ইতালি, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, ভিয়েতনাম, থাইল্যান্ড ও কম্বোডিয়ায় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে |

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অগ্রগতি:**

| ২০১৫-১৬ অর্থ বছরের APA চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | | | |
|---|---|---|---|
| **ক্র. নং.** | **সূচকের নাম** | **লক্ষ্যমাত্রা** | **অর্জন** |
| ১ | পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগ | ৬০% | ৮৩% |
| ২ | কমপ্লায়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানের সংখ্যা | ২০০০টি | ৩৫৬৫টি |
| ৩ | পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠানের সংখ্যা | ২৪০০০টি | ৩২৪৫৬টি |
| ৪ | পরিচালিত উদ্বুদ্ধকরণ কার্যক্রম | ৫৭২ | ৪০৯ |
| ৫ | দায়েরকৃত মামলা | ১৭০০ | ১৩০৪ |
| ৬ | প্রদানকৃত লাইসেন্স | ৩৪০০ | ৫৪২৭ |
| ৭ | নবায়নকৃত লাইসেন্স | ১০০০০ | ১১৭২৯ |
| ৮ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ (ঘন্টা) | ১৬০ | ১৫২ |
| ৯ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ২০৩ জন | ২৭৬ জন |

**জনবল নিয়োগ :** অধিদপ্তরে জনবল নিয়োগের তথ্য নিম্নরুপ:

| **২০১৫-২০১৬ অর্থবছরে নিয়োগ সংক্রান্ত তথ্য** | | | |
|---|---|---|---|
| **ক্রঃ নং** | **শ্রেণী** | **পদের নাম** | **নিয়োগপ্রাপ্ত** |
| ১ | ১ম শ্রেণী | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০ |
| | | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ১জন |
| | | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ০ |
| ২ | ২য় শ্রেণী | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০ |
| | | শ্রম পরিদর্শক (সেফটি) | ০ |
| | | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০ |
| ৩ | ৩য় শ্রেণী | প্রধান সহকারী | ৩ জন |
| | | সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩ জন |
| | | টেলিফোন অপারেটর | ১ জন |
| | | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৪৪ জন |
| | | গাড়ী চালক | ১৩ জন |
| ৪ | ৪র্থ শ্রেণী | অফিস সহায়ক | ০ |
| | | মালি | ০ |
| | | দারোয়ান | ০ |
| | | সুইপার | ০ |

**শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল:** জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়ে ১টি এবং ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে ২৩টি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে।

এছাড়াও, অধিদপ্তরের অভ্যন্তরীণ শৃঙ্খলা সুরক্ষায় গঠিত শৃঙ্খলা সেল এর মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থবছরে মোট ৮টি বিভাগীয় মামলা দায়ের করা হয়েছে, তন্মধ্যে ৫টি মামলা তদন্তাধীন। পূর্ববর্তীবছরসহ চলমান মোট বিভাগীয় মামলার সংখ্যা- ১২টি।

**বিভিন্ন কমিটি:** অধিদপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে। সেগুলো নিম্নরুপ:

১. অর্গানোগ্রাম সংশোধন ও পূণর্বিণ্যাস কমিটি
২. ডাটাবেজ ও ওয়েবসাইট ম্যানেজমেন্ট কমিটি
২. শ্রম আইন ও বিধিমালা বাস্তবায়নের জন্য ‘স্টাডি গ্রুপ’
৩. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত এডমিন প্যানেল
৪. ক্রাইসিস ম্যানেজমেন্ট টিম
৫. চেকলিস্ট তৈরি ও অফিসে ব্যবহৃত স্ট্রিমলাইন সংক্রান্ত কমিটি
৬. শ্রম আইন ও বিধিমালা সংশোধন প্রস্তাব প্রণয়ন সংক্রান্ত কমিটি
৭. ওকুপেশনাল সেফটি এ্যান্ড হেলথ এ্যাকশন প্লান প্রণয়ন কমিটি
৮. মনিটরিং টিম
৯. আইন সেল
১০. উন্নয়ন সেল
১১. পরিদর্শন টিম (আউটসোর্সিং)
১২. বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি
১৩. ওকুপেশনাল সেফটি এ্যান্ড হেলথ ইউনিট
১৪. হেল্পলাইনের প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা কমিটি
১৫. ওকুপেশনাল সেফটি এ্যান্ড হেলথ অ্যাওয়ারনেস কমিটি
১৬. শৃঙ্খলা সেল
১৭. ঠিকাদারী সংস্থার রেজিস্ট্রেশন প্রদান বিষয়ক সেল
১৮. ওকুপেশনাল সেফটি এ্যান্ড হেলথ কমিটি

**উপশাখাসমূহ:**

**ক. আইন উপশাখা :** বিভিন্ন আদালতে চলমান অধিদপ্তর সংশ্লিষ্ট মামলা সমূহ সুরাহার জন্য ব্যবস্থা গ্রহণ এবং শ্রম আইন সংশ্লিষ্ট বিষয়ে এ শাখা যুগ্মমহাপরিদর্শককে পরামর্শ প্রদান করে থাকে।

**বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থাকর্তৃক দায়েরকৃত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও অধিদপ্তর সংশ্লিষ্ট মামলার তথ্য:**

| বছর | মামলার ধরণ | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | স্যুয়ো মটো | রিট | ফৌজদারী | প্রশাসনিক | অন্যান্য | |
| ২০১৫-২০১৬ | ১ | ৩৩ | - | ১ | ১ | ৩৬ |
| পূর্ববর্তী বছরের জের | ১ | ১০ | ১ | - | - | ১২ |
| মোট | ২ | ৪৩ | ১ | ১ | ১ | ৪৮ |

**খ. পরিসংখ্যান ও গবেষণা উপশাখা:** সারাদেশের কারখানা ও প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণ, সেক্টরভিত্তিক কারখানা ও প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত এবং অধিদপ্তরের কাজের সঙ্গে সংশ্লিষ্ট পরিসংখ্যান সংগ্রহ এবং সংরক্ষণ করা এ শাখার মূল কাজ।

**জেলাভিত্তিক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নিবন্ধিত কারখানার তথ্য:**

| ক্র: নং | জেলার নাম | তৈরী পোষাক শিল্প | অন্যান্য কারখানা | মোট |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ঢাকা | ১৮৪৮ | ৩০৮২ | ৪৯৩০ |
| ২ | নারায়ণগঞ্জ | ৭৪৭ | ১৮৮৮ | ২৬৩৫ |
| ৩ | গাজীপুর | ১৩৯০ | ১৪১০ | ২৮০০ |
| ৪ | চট্টগ্রাম | ৫৭৭ | ১৬০১ | ২১৭৮ |
| ৫ | ময়মনসিংহ | ৪৫ | ৬৮৮ | ৭৩৩ |
| ৬ | শেরপুর | ১ | ৪৭০ | ৪৭১ |
| ৭ | নেত্রকোনা | ২ | ৯৩ | ৯৫ |
| ৮ | নরসিংদি | ১৫ | ৪৪১ | ৪৫৬ |
| ৯ | মুন্সিগঞ্জ | ৩ | ২৭৬ | ২৭৯ |
| ১০ | মাদারীপুর | ০ | ৪৫ | ৪৫ |
| ১১ | শরীয়তপুর | ০ | ৩২ | ৩২ |
| ১২ | রাজশাহী | ০ | ৩০৬ | ৩০৬ |
| ১৩ | নওগাঁ | ০ | ৬৮৭ | ৬৮৭ |
| ১৪ | চাঁপাইনবাবগঞ্জ | ০ | ১০৯ | ১০৯ |
| ১৫ | মৌলভীবাজার | ০ | ২২১ | ২২১ |
| ১৬ | হবিগঞ্জ | ২ | ১১০ | ১১২ |
| ১৭ | পাবনা | ০ | ৭৬৩ | ৭৬৩ |
| ১৮ | বগুড়া | ০ | ৭৮৭ | ৭৮৭ |
| ১৯ | জয়পুরহাট | ০ | ১৩৫ | ১৩৫ |
| ২০ | কুষ্টিয়া | ০ | ৪৪৮ | ৪৪৮ |
| ২১ | চুয়াডাঙ্গা | ০ | ১১৭ | ১১৭ |
| ২২ | মেহেরপুর | ০ | ৪ | ৪ |

| ক্র: নং | জেলার নাম | তৈরী পোষাক শিল্প | অন্যান্য কারখানা | মোট |
|---|---|---|---|---|
| ২৩ | কক্সবাজার | ০ | ৪৫ | ৪৫ |
| ২৪ | রাঙ্গামাটি | ০ | ২১ | ২১ |
| ২৫ | খাগড়াছড়ি | ০ | ১ | ১ |
| ২৬ | বান্দরবন | ১ | ৩ | ৪ |
| ২৭ | যশোর | ৩ | ৫১৭ | ৫২০ |
| ২৮ | সাতক্ষীরা | ০ | ২৪৫ | ২৪৫ |
| ২৯ | ঝিনাইদহ | ২ | ১২১ | ১২৩ |
| ৩০ | মাগুরা | ৩ | ১২ | ১৫ |
| ৩১ | নড়াইল | ০ | ২ | ২ |
| ৩২ | বরিশাল | ০ | ১৮৭ | ১৮৭ |
| ৩৩ | ঝালকাঠি | ০ | ৪৮ | ৪৮ |
| ৩৪ | পটুয়াখালী | ০ | ৫৮ | ৫৮ |
| ৩৫ | বরগুনা | ০ | ১৯ | ১৯ |
| ৩৬ | পিরোজপুর | ০ | ৩৫ | ৩৫ |
| ৩৭ | ভোলা | ০ | ৭ | ৭ |
| ৩৮ | রংপুর | ১ | ৩৪৫ | ৩৪৬ |
| ৩৯ | নীলফামারী | ১ | ১৭৪ | ১৭৫ |
| ৪০ | গাইবান্ধা | ১ | ৯৫ | ৯৬ |
| ৪১ | কুড়িগ্রাম | ০ | ৭৫ | ৭৫ |
| ৪২ | লালমনিরহাট | ০ | ৪৮ | ৪৮ |
| ৪৩ | খুলনা | ০ | ৭১৫ | ৭১৫ |
| ৪৪ | বাগেরহাট | ০ | ১৪৮ | ১৪৮ |
| ৪৫ | গোপালগঞ্জ | ০ | ১৫ | ১৫ |
| ৪৬ | টাংগাইল | ১৩ | ৫৭১ | ৫৮৪ |
| ৪৭ | জামালপুর | ৩ | ৫১ | ৫৪ |
| ৪৮ | সিলেট | ০ | ২৯৫ | ২৯৫ |
| ৪৯ | সুনামগঞ্জ | ০ | ৩৭ | ৩৭ |
| ৫০ | দিনাজপুর | ১ | ৫৯১ | ৫৯২ |
| ৫১ | ঠাকুরগাঁও | ০ | ১১৬ | ১১৬ |

| ক্র: নং | জেলার নাম | তৈরী পোষাক শিল্প | অন্যান্য কারখানা | মোট |
|---|---|---|---|---|
| ৫২ | পঞ্চগড় | ০ | ৫৩ | ৫৩ |
| ৫৩ | কুমিল্লা | ২ | ১১৩৬ | ১১৩৮ |
| ৫৪ | চাঁদপুর | ১ | ১৭৭ | ১৭৮ |
| ৫৫ | ফেনী | ১ | ২০৯ | ২১০ |
| ৫৬ | নোয়াখালী | ২ | ৪৭৭ | ৪৭৯ |
| ৫৭ | লক্ষীপুর | ১ | ৪০ | ৪১ |
| ৫৮ | সিরাজগঞ্জ | ১ | ৫১৮ | ৫১৯ |
| ৫৯ | নাটোর | ০ | ২১৫ | ২১৫ |
| ৬০ | মানিকগঞ্জ | ০ | ২৭৯ | ২৭৯ |
| ৬১ | রাজবাড়ী | ০ | ৪৮ | ৪৮ |
| ৬২ | ফরিদপুর | ০ | ২২৩ | ২২৩ |
| ৬৩ | কিশোরগঞ্জ | ০ | ৩৩৩ | ৩৩৩ |
| ৬৪ | ব্রাহ্মণবাড়িয়া | ০ | ২৬৮ | ২৬৮ |
| | মোট | ৪৬৬৭ | ২২২৮৬ | ২৬৯৫৩ |

**গ. তথ্য ও গণসংযোগ উপশাখা:** অধিদপ্তরের কার্যক্রম বিভিন্ন গণমাধ্যমে প্রচার, শ্রমিক-মালিকগণের মাঝে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম, অধিদপ্তর কর্তৃক নির্মিত তথ্যচিত্র ও টিভিস্পট প্রদর্শন ও প্রচার, অধিদপ্তরের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে তথ্য সন্নিবেশ করা-এ শাখার প্রধান কাজ। এছাড়াও, তথ্য অধিকার আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা এ শাখার মাধ্যমে গ্রহণ করা হয়ে থাকে।

**তথ্য অধিকার আইনের বিধান অনুযায়ী তথ্যপ্রদানকারী কর্মকর্তা ও আপিল কর্মকর্তাগণ:**

| কার্যালয় | তথ্য প্রদানকারী কর্মকর্তা | আপিল কর্মকর্তা |
|---|---|---|
| অধিদপ্তর/প্রধান কার্যালয় | অতিরিক্ত মহাপরিদর্শক | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপমহাপরিদর্শকের কার্যালয় | উপমহাপরিদর্শক | মহাপরিদর্শক |

অধিদপ্তরের ওয়েবসাইট - **www.dife.gov.bd**
ফেসবুকে অধিদপ্তরের অফিসিয়াল পেজ https://www.facebook.com/dife.gov.bd/।

**ঘ. হিসাব উপশাখা:** অধিদপ্তরের বাজেট প্রণয়ন, বাজেট বন্টন, কর্মচারীদের বেতন-ভাতাদি, অফিসভাড়া, অফিস পরিচালনা ব্যয়, ক্রয় পরিকল্পনা, অডিট ও অডিট আপত্তির নিষ্পত্তি ইত্যাদি বিষয় সম্পাদন করা এ শাখার মূল কাজ। এছাড়াও, অধিদপ্তরের আর্থিক বিষয়ের সাথে সংশ্লিষ্ট সকল কাজ এ উপশাখার মাধ্যমে সম্পাদিত হয়।

**২০১৫-২০১৬ অর্থেবছরের বরাদ্দ ও ব্যয় (হাজার টাকায়):**

| ক্রমিক | কোড ও খাত | বরাদ্দ | সংশোধিত বরাদ্দ | প্রকৃত খরচ | উদ্বৃত্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৪৫০১- অফিসারদের বেতন | ৫,৫০,০০ | ৯,৯০,০০ | ৬,৫০,৯২ | ৩৯০৮ | ১ম ও ২য় শ্রেণির কিছু পদ শূন্য থাকায় উদ্বৃত্ত রয়েছে |
| ২ | ৪৬০১-প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ২,০০,০০ | ৩,৬০,০০ | ১,৫৪,৩০ | ২,০৫,৭০ | ৩য় ও ৪র্থ শ্রেনির কিছু পদ শূন্য থাকায় উদ্বৃত্ত রয়েছে |
| ৩ | ৪৭০০-ভাতাদি | ৮,৯৪,৮০ | ৮,০৮,৩০ | ৩,৯১,৭৪ | ৪,২৩,৬৪ (-) ৭,০৮=৪,১৬,৫৬ | কর্মকর্তা/কর্মচারীদের কিছু পদ শূন্য থাকায় উদ্বৃত্ত রয়েছে। |
| ৪ | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৭,০৬,৭০ | ৭,০৯,৭০ | ৫,২২,২৩ | ১,৯৯,২৪ (-) ১১,৭৭=১,৮৭,৪৭ | |
| ৫ | ৪৯০০- মেরামত ও সংরক্ষণ | ৩০,০০ | ৩০,০০ | ১৫,৪৯ | ১৪,৫১ | |
| ৬ | ৬৮০০- সম্পদ সংগ্রহ | ৬,৬৮,৫০ | ৬,৬৮,৫০ | ৫,৬২,২২ | ১,০৬,২৮ | ১২টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে। |
| | সর্বমোট | ৩১,৫০,০০ | ৩৫,৬৬,৫০ | ২২,৭৬,৯০ | ১২,৮৯,৬০ | |

**বাজস্ব আয়:** ২০১৫-২০১৬

| খাত | পরিমাণ (টাকায়) |
|---|---|
| কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন বাবদ রাজস্ব আয় | ৪,৪৫,৮৫,৬৪২/- |

**অডিট আপত্তির নিষ্পত্তি**

| ক্রমিক নং | আপত্তির ধরণ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | স্থানীয় রাজস্ব | ২১টি | ২১টি আপত্তির মধ্যে অডিট সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৯টি আপত্তির জবাব নিষ্পত্তির জন্য ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে। বাকী ২টি আপত্তির জবাব প্রেরণ প্রক্রিয়াধীন |
| ০২ | সিভিল | ০৩টি | নিষ্পত্তির নিমিত্তে অডিট সভা আহ্বানের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হবে। |

**ঙ. গ্রন্থাগার:** শ্রম আইন ও বিধিমালা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময়ে প্রকাশিত প্রজ্ঞাপন, পুস্তকাদি, রেফারেন্স বুক, মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ, আত্মজীবনী, ইতিহাস, উপন্যাস, কাব্যগ্রন্থ, অভিধান, দেশি-বিদেশী জার্নাল, নূন্যতম মজুরীর গেজেটসমূহ, পত্রিকায় প্রকাশিত অধিদপ্তর সংশ্লিষ্ট সংবাদের পেপার ক্লিপিং, বিভিন্ন প্রশিক্ষণের মডিউল, প্রশিক্ষণ প্রতিবেদন, বিদেশ ভ্রমণ প্রতিবেদন, সেমিনার ও ওয়ার্কশপের ডকুমেন্টস, অধিদপ্তর কর্তৃক প্রকাশিক পোস্টার, লিফলেট, টিভিস্পট, ডকুমেন্টারি, স্থিরচিত্র ইত্যাদি সংরক্ষণ করা এ শাখার প্রধান কাজ।

সম্প্রতি আইএলও'র সহযোগিতায় গ্রন্থাগারটির অবকাঠামো উন্নয়নসহ রিসোর্স সেন্টারে উন্নীত করা হয়েছে। আইটিসিআইএলও এর সাথে অনলাইনে সংযোগ স্থাপনের মাধ্যমে ই-ল্যার্নিং নেটওয়ার্ক প্রবর্তন করা হয়েছে। এছাড়াও, ২০১৫-২০১৬ অর্থবছরে গ্রন্থাগার সমৃদ্ধকরণে প্রায় ৯লক্ষ টাকার বিভিন্ন ধরণের বই ক্রয় করা হয়েছে।

**২.২. সেফটি শাখা:** যুগ্মমহাপরিদর্শকের অধীনে ০১ জন উপমহাপরিদর্শক এবং ২ জন সহকারী মহাপরিদর্শক (সেফটি) সমন্বয়ে এ শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে। কারখানা ভবনের নিরাপত্তা, অগ্নি নিরাপত্তা ও বৈদ্যুতিক নিরাপত্তাসহ বিভিন্ন দুর্ঘটনার তদন্ত ও ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিকরণসহ আইনের বিধান অনুযায়ী কর্মক্ষেত্রে নিরাপত্তা বিষয়ে মহাপরিদর্শক ও অতিরিক্ত মহাপরিদর্শককে সহযোগিতা করা এ শাখার প্রধান কাজ। এছাড়াও, কারখানা ভবন অ্যাসেসমেন্ট, রিভিউ প্যানেল এর কার্যক্রম পরিচালনা, কারেক্টিভ এ্যাকশন প্লান অনুমোদন, রেমিডিয়েশন কোঅর্ডিনেশন সেল এর কার্যক্রম পরিচালনা, তৈরি পোশাক কারখানাসমূহে কমপ্লায়েন্স রিপোর্ট পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রমের সুপারিশ প্রণয়ন ইত্যাদি কার্যক্রমে এ শাখার মাধ্যমে পরিচালিত হয়।

**ক. কারখানাভবন এ্যাসেসমেন্ট:** রানা প্লাজা দুর্ঘটনা এবং বিভিন্ন সময়ে সংঘটিত অগ্নি দুর্ঘটনার কারণে আইন সংশোধন ও প্রশাসনিক সংস্কারের পাশাপাশি সরকার কর্তৃক কারখানা ভবন ও অগ্নি দুর্ঘটনা নিরসন করে নিরাপদ কর্মস্থল নিশ্চিত করার লক্ষ্যকে সামনে রেখে তিন উদ্যোগের (একর্ড, অ্যালায়েন্স ও জাতীয় উদ্যোগ) আওতায় সকল গার্মেন্টস কারখানার প্রিলিমিনারি অ্যাসেসমেন্ট কার্যক্রম হাতে নেওয়া হয় এবং এখন পর্যন্ত ৩৭৮০ টি কারখানা ভবনের স্ট্রাকচারাল, অগ্নি এবং বৈদ্যুতিক বিষয়ে প্রিলিমিনারি এসেসমেন্ট সম্পন্ন করা হয়েছে। তন্মধ্যে, ন্যাশনাল ইনিশিয়েটিভ কর্তৃক ১৫৪৯টি কারখানার স্ট্রাকচারাল, ফায়ার এবং ইলেকট্রিক্যাল নিরাপত্তা বিষয়ক প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে।

- ✓ সকল মূল্যায়ন প্রতিবেদন কারখানা কর্তৃপক্ষকে প্রেরণ করা হয়েছে।
- ✓ সংক্ষিপ্ত প্রতিবেদন DIFE ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
  সংস্কার কার্যক্রম নিয়মিত ফলোআপ করার জন্য প্রধান কার্যালয়ে ৭ সদস্য বিশিষ্ট একটি টিম এবং প্রধান চার জেলায় ১৩৭ জন পরিদর্শকের সমন্বয়ে টিম গঠন করা হয়েছে।
- ✓ কারেক্টিভ এ্যাকশন প্লান (CAP) অনুযায়ী টিম সমূহ কর্তৃক পরিদর্শন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

**খ. রিভিউ প্যানেল:** সকল উদ্যোগের আওতায় ৩৭৮০ টি প্রিলিমিনারি এ্যাসেসমেন্ট সম্পন্নকৃত কারখানার মধ্যে লাল (Red) চিহ্নিত ১৫৫ টি কারখানা রিভিউ প্যানেল পরিদর্শন করে।

- ✓ পরিদর্শনকৃত ১৫৫ টি কারখানার মধ্যে ৩৯ টি (NI সহ) কারখানা সম্পূর্ণ বন্ধ এবং ৪৭ টি কারখানা আংশিক বন্ধ করা হয়েছে। বাকী কারখানাগুলো রিভিউ প্যানেল কর্তৃক প্রদত্ত সুপারিশ বাস্তবায়নের শর্তে খোলা রাখার অনুমতি প্রদান করা হয়েছে এবং লাল হতে হলুদাভ বাদামি (Amber) কালার কোড এ রূপান্তরিত হয়েছে।
- ✓ ২৮০৪টি কারখানার অ্যাসেসমেন্ট রিপোর্ট কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- ✓ ৪৮০৮টি গার্মেন্টস কারখানার তথ্য 'পাবলিকলি এ্যাকসেসেবল ডাটাবেজ' হিসেবে অধিদপ্তরের ওয়েবসাইটে সংযুক্ত করা হয়েছে।
- ✓ NI এর আওতায় মোট ৩১৯ টি কারখানাকে DEA সম্পন্ন করতে বলা হয়েছে।
- ✓ কারখানা ভবনের DEA সম্পন্ন করার জন্য প্রাথমিকভাবে ১৩ টি ইঞ্জিনিয়ারিং ফার্মকে তালিকাভুক্ত করা হয়েছে এবং আরও DEA ফার্ম তালিকাভুক্তির প্রক্রিয়া চলমান আছে।
- ✓ ফায়ার এবং ইলেকট্রিক্যাল DEA সম্পন্ন করার জন্য ইঞ্জিনিয়ারিং ফার্মকে তালিকাভুক্তির নিমিত্তে টাস্কফোর্স সিদ্ধান্ত নিয়েছে।

**গ. ভবন নিরাপত্তায় টাস্কফোর্স:** জাতীয় উদ্যোগে প্রিলিমিনারি এ্যাসেসমেন্ট সম্পন্নকৃত কারখানার ৪৪৭টি CAP (Amber-২১৯টি ,Yellow-২২৮ টি) চূড়ান্ত অনুমোদনের জন্য সরকার মহাপরিদর্শককে আহ্বায়ক করে একটি স্ট্রাকচারাল এবং একটি ফায়ার ও ইলেকট্রিক্যাল টাস্কর্ফোস গঠন করেছে। CAP চূড়ান্ত অনুমোদনের জন্য দুটি টাস্কফোর্সের সভা অনুষ্ঠিত হয়েছে এবং কিছু CAP টাস্কফোর্স কর্তৃক অনুমোদন হয়েছে।

## ক. তৈরি পোষাক শিল্পের কমপ্লায়েন্স সংক্রান্ত তথ্য

| | বিজিএমইএ | | বিকেএমইএ | | | সমিতির সদস্যভুক্ত নয় | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ প্রতিবেদনকালীন সময়ে পরিদর্শিত কারখানার সংখ্যা :- ২৩৬০ | ১৪৮৭ | | ৪৪৮ | | | ৪২৫ | | | |
| | **ইস্যু ভিত্তিক নির্ধারিত নম্বর** | **বিজিএমইএ** | | **বিকেএমইএ** | | **সদস্য নয়** | | **মোট কারখানার সংখ্যা** | **মোট শতকরা হার (%)** |
| | | **সংখ্যা** | **শতকরা হার (%)** | **সংখ্যা** | **শতকরা হার (%)** | **সংখ্যা** | **শতকরা হার (%)** | | |
| ০১. শ্রমিক/কর্মচারীদের নিয়োগপত্র প্রদান করা | ০২ | ১২৪৭ | ৮৪% | ৩৭৭ | ৮৪% | ২৪১ | ৫৭% | ১৮৬৫ | ৭৯% |
| ০২. শ্রমিক/কর্মচারীদের ছবিসহ পরিচয়পত্র প্রদান করা | ০২ | ১২৬০ | ৮৫% | ৩৭৪ | ৮৩% | ২৪৩ | ৫৭% | ১৮৭৭ | ৮০% |
| ০৩. শ্রমিক/কর্মচারীদের চাকুরি বহি সংরক্ষণ | ০২ | ১১৩২ | ৭৬% | ৩৫৬ | ৭৯% | ১৮২ | ৪৩% | ১৬৭০ | ৭১% |
| ০৪. শ্রমিক/কর্মচারীদের রেজিষ্টার ও হাজিরা কার্ড সংরক্ষণ | ০২ | ১২৩৩ | ৮৩% | ৩৭৪ | ৮৩% | ৩৪৪ | ৮১% | ১৯৫১ | ৮৩% |
| ০৫. মজুরী নিয়মিত পরিশাধ করা | ০২ | ১৩৭১ | ৯২% | ৪১৯ | ৯৪% | ৩৬৫ | ৮৬% | ২১৫৫ | ৯১% |
| ০৬. সরকার ঘোষিত মজুরী কাঠামো অনুসরণ করা | ০২ | ১৩০১ | ৮৭% | ৪২৩ | ৯৪% | ৩৬২ | ৮৫% | ২০৮৬ | ৮৮% |
| ০৭. অধিকাল ভাতা নিয়ম মোতাবেক পরিশোধ করা | ০২ | ১৩২৯ | ৮৯% | ৪২১ | ৯৪% | ৩৫০ | ৮২% | ২১০০ | ৮৯% |
| ০৮. কাজের সময়সূচী পরিদর্শক কর্তৃক অনুমোদন | ০২ | ৭৬১ | ৫১% | ২৫০ | ৬৫% | ৮৪ | ২০% | ১০৯৫ | ৪৬% |
| ০৯. ছুটির বিধান অনুসরণ করা | ০২ | ১৩৭৫ | ৯২% | ৩৭৪ | ৮৩% | ৩১৫ | ৭৪% | ২০৬৪ | ৮৭% |
| ১০. প্রসূতি কল্যাণ ছুটি ও ভাতা প্রদান করা | ০২ | ১০৮৬ | ৭৩% | ৩২৮ | ৭৩% | ১৭৮ | ৪২% | ১৫৯২ | ৬৭% |
| ১১. পুরুষ ও মহিলা শ্রমিকদের জন্য প্রয়োজনীয় সংখ্যক টয়লেট | ০২ | ১৩৮৩ | ৯৩% | ৪১৫ | ৯৩% | ৩৯৫ | ৯৩% | ২১৯৩ | ৯৩% |
| ১২. শিশু শ্রমিক নিয়োজিত নেই এমন কারখানা | ০২ | ১৪৮৭ | ১০০% | ৪৪৭ | ১০০% | ৪২৪ | ১০০% | ২৩৫৮ | ১০০% |
| ১৩. প্রয়োজনীয় সরঞ্জামসহ ডে-কেয়ার সেন্টার | ০২ | ৯১৪ | ৬১% | ২৩৮ | ৫৩% | ১৩৫ | ৩২% | ১২৮৭ | ৫৫% |
| ১৪. প্রশিক্ষণপ্রাপ্ত যোগ্য ব্যক্তির তত্বাবধানে নির্ধারিত | ০২ | ১০৬৮ | ৭২% | ৩৩৫ | ৭৫% | ১৬৯ | ৪০% | ১৫৭২ | ৬৭% |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সরঞ্জামাদিসহ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা | | | | | | | | | |
| ১৫. বিশুদ্ধ পানি পান করার ব্যবস্থা | | ১৩৯৯ | ৯৪% | ৪০৩ | ৯০% | ৩৬৪ | ৮৬% | ২১৬৬ | ৯২% |
| ১৬. পাটিসিপেশন কমিটি | | ৭৯৮ | ৫৪% | ২৭৯ | ৬২% | ১৪৩ | ৩৪% | ১২২০ | ৫২% |
| ১৭. ট্রেড ইউনিয়ন | | ১৩ | ১% | ০২ | ০% | ৪ | ১% | ১৯ | ১% |
| ১৮. দুর্ঘটনা সংক্রান্ত নোটিশ প্রেরণ | | ৫৬৭ | ৩৮% | ২৭৮ | ৬২% | ৮৪ | ২০% | ৯২৯ | ৩৯% |
| ১৯. শ্রমিকদের নিরাপত্তার জন্য ব্যক্তিগত সুরক্ষার ব্যবস্থা | | ৯৬৪ | ৬৫% | ৩৫২ | ৭৯% | ২১১ | ৫০% | ১৫২৭ | ৬৫% |
| ২০. কারখানায় পর্যাপ্ত আলো ও বাতাস চলাচলের ব্যবস্থা | | ১৩১০ | ৮৮% | ৪১৬ | ৯৩% | ৩৮৭ | ৯১% | ২১১৩ | ৯০% |
| ২১. সেফটি রেকর্ডবুক ও সেফটি বোর্ড সংরক্ষণ করা | | ৬৪৭ | ৪৪% | ২৬৫ | ৫৯% | ১৩৪ | ৩২% | ১০৪৬ | ৪৪% |
| ২২. প্রতিষ্ঠানে কোন সেফটি কমিটি আছে কি -না? | | ৬৯৪ | ৪৭% | ২৬৪ | ৫৯% | ১৩৪ | ৩২% | ১০৯২ | ৪৬% |
| ২৩. কারখানার শ্রমিক কর্মচারী জীবন বীমা কর্মসূচীর আওতায় | | ১২২৪ | ৮২% | ৩৬৫ | ৮১% | ২০৫ | ৪৮% | ১৭৯৪ | ৭৬% |
| ২৪. কারখানার ভবন সংক্রান্ত অবস্থা (১-১০) | | ৯৩৫ | ৬৩% | ৩৫৪ | ৭৯% | ২০৫ | ৪৮% | ১৪৯৪ | ৬৩% |
| ২৫. কারখানার অগ্নিপ্রতিরোধ ও নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থা (১-৮) | | ৯৯১ | ৬৭% | ৩৬১ | ৮১% | ১৮২ | ৪৩% | ১৫৩৪ | ৬৫% |
| ২৬.বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থা (১-৯) | | ১১৯৯ | ৮১% | ৪০০ | ৮৯% | ৩০৬ | ৭২% | ১৯০৫ | ৮১% |

| **ঘ. এর নম্বর অনুযায়ী পরিদর্শিত কারখানার প্রাপ্ত তথ্যের ফলাফলের ভিত্তিতে গ্রেডভুক্ত কারখানার সংখ্যা** | বিজিএমইএ | বিকেএমইএ | সমিতির সদস্যভুক্ত নয় |
|---|---|---|---|
| ০১. এ- গ্রেডভুক্ত (৮৫ থেকে ১০০ নম্বর প্রাপ্ত) | ৪২৮ | ১১৯ | ৫২ |
| ২. বি-গ্রেডভুক্ত (৭০-৮৪ নম্বর প্রাপ্ত) কারখানা | ৫৭৮ | ১৬৪ | ৭০ |
| ৩. সি-গ্রেডভুক্ত (৭০ এর নিম্নে নম্বর প্রাপ্ত ) কারখানা | ৪২৮ | ১৬৫ | ৩০৩ |
| মোট = | ১৪৮৭ | ৪৪৮ | ৪২৫ |

## ঙ. বিভিন্ন কারখানায় সংঘটিত দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকদের তালিকা (২০১৫-২০১৬):

| মাসের নাম | দুর্ঘটনা | আহত | নিহত | ক্ষতিপূরণের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| জুলাই/১৫ | ১১ | ১১ | ০ | ০ |
| আগষ্ট/১৫ | ১৫ | ৩৩ | ৯ | ১০০,০০০ |
| সেপ্টেম্বর/১৫ | ১০ | ২৭ | ৮ | ৪০০,০০০ |
| অক্টোবর/১৫ | ৯ | ৫ | ৬ | ৩০০,০০০ |
| নভেম্বর/১৫ | ১৮ | ২৭ | ৩ | ১০০,০০০ |
| ডিসেম্বর/১৫ | ১১ | ১৭ | ৪ | ২৮০,০০০ |
| জানুয়ারি/১৬ | ১৮ | ১২ | ১৬ | ৩০০,০০০ |
| ফেব্রুয়ারি/১৬ | ১৬ | ১৫ | ১ | ১০০,০০০ |
| মার্চ/১৬ | ৮ | ৩ | ৭ | ৫৫০,০০০ |
| এপ্রিল/১৬ | ১৬ | ১১ | ১৩ | ১১৩৬৫০০ |
| মে/১৬ | ১০ | ২৭ | ১২ | ০ |
| জুন/১৫ | ১০ | ৫ | ১২ | ১৩২৫০০০ |
| **মোট =** | **১৫২** | **১৯৩** | **৯১** | **৪,৫৯১,৫০০** |

**চ. রেমিডিয়েশন কোঅর্ডিনেশন সেল** (RCC)**:** ২০১৩ সালের এপ্রিল মাসে রানা প্লাজা ধ্বসের পর মোট ২,২৩১টি চলমান গার্মেন্টস কারখানা ২টি আন্তর্জাতিক ক্রেতা গোষ্ঠীর প্রতিনিধি Accord ও Alliance কর্তৃক পরিদর্শন করা হয়েছে এবং তাদেরই তত্বাবধানে ঝুঁকিপূর্ণ ভবনগুলো সংস্কারের কাজ চলছে। অনুরূপভাবে বাংলাদেশ সরকারের আওতায় ILO’র সহযোগিতায় বুয়েট এবং অন্যান্য কয়েকটি ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ১,৫৪৯টি চলমান গার্মেন্টস কারখানা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে এবং অ্যাসেসমেন্ট পরবর্তী সংস্থারমূলক কাজ এগিয়ে নেওয়ার কার্যক্রম শুরু করেছে। এখানে উল্লেখ্য Accord ও Alliance-এর কার্যক্রম আগামী ২০১৮ সালে সমাপ্তির সময়সীমা নির্ধারিত। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত সংস্কারের কাজ অসমাপ্ত থাকলে সে কাজের ধারাবাহিকতা রক্ষা এবং জাতীয় উদ্যোগের আতওায় পরিদর্শনকৃত ভবনসমূহের সংস্কার কাজ তদারকীর জন্য একটি অবকাঠামো থাকা প্রয়োজন। সে প্রেক্ষাপটে “ভবন, বৈদ্যুতিক ও অগ্নিনিরাপত্তা সংক্রান্ত জাতীয় ত্রিপক্ষীয় কমিটি (NTC)”-এর ১১তম সভায় ILO-এর প্রস্তাবের প্রেক্ষিতে প্রিলিমিনারি অ্যাসেসমেন্ট পরবর্তী সংস্কারমূলক কার্যক্রম পরিচালনার জন্য Remediation Coordination Cell (RCC) গঠনের সিদ্ধান্ত হয়েছে। RCC গঠিত হলে ILO এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করতে সম্মতি প্রদান করেছে।

RCC-এর নীতি নির্ধারণী দায়িত্ব পালনের জন্য একটি core body থাকবে যেখানে প্রত্যেক দপ্তর/সংস্থা একজন করে উর্ধ্বতন কর্মকর্তা- একাজের সাথে সম্পৃক্ত থাকবে। অন্যদিকে RCC-এর মাঠ পর্যায়ের কাজ তথা ভবনসমূহ সরেজমিন পরিদর্শন পূর্বক মনিটরিংয়ের জন্য প্রত্যেক দপ্তর/সংস্থা ভবন, বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তা বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তা এ কাজে- ন্যস্ত করবে যারা RCC-এর কাযক্রম চলাকালীন পূর্ণকালীন দায়িত্ব পালন করবেন।

RCC-এর Core Body :

(১) গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী: ০১ জন

(২) রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক) এর নির্বাহী প্রকৌশল: ০১ জন

(৩) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর পরিচালক: ০১ জন

(৪) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বৈদ্যুতিক পরিদর্শক এর সচিব

(৫) চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের এর নির্বাহী প্রকৌশলী: ০১ জন

(৬) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপ-মহাপরিদর্শক (সেফটি।

**২.৩ স্বাস্থ্য শাখা:** যুগ্মমহাপরিদর্শকের অধীনে ০১ জন উপমহাপরিদর্শক এবং ২ জন সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) সমন্বয়ে এ শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে। স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিকরণ, পেশাগত রোগ নির্ণয়, রোগাক্রান্ত শ্রমিকদের চিকিৎসা সুবিধা প্রাপ্তি নিশ্চিতকরণ, স্বাস্থ্যঝুঁকি মোকাবেলায় প্রতিকার ও প্রতিরোধমূলক কার্যক্রম, মাতৃত্বকালীন সুবিধাপ্রাপ্তি নিশ্চিকরণ, কর্মস্থলে শিশুকক্ষ স্থাপন নিশ্চিতকরণ, প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা ও প্রযোজ্যক্ষেত্রে চিকিৎসাকেন্দ্র স্থাপনসহ আইনের বিধান অনুযায়ী স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে মহাপরিদর্শক ও অতিরিক্ত মহাপরিদর্শককে সহযোগিতা করা এ শাখার প্রধান কাজ। এছাড়াও, ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রম নিরসন, পেশাগত স্বাস্থ্য ও সেইফটি ইউনিটের কার্যক্রম, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস উদযাপন, সেইফটি কমিটির সদস্যগণের প্রশিক্ষণ ও সেইফটি কমিটি গঠনের জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম এ শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে।

**ক. শিশুশ্রম নিরসন:** কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাগণকে ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রম নিরসনের বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য মার্চ, ২০১৬-তে ২০ জন কর্মকর্তাকে ‘ট্রেইনিং অফ ট্রেইনারস’ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে পরিদর্শকগণ নিয়মিত পরিদর্শনকালে শিশুশ্রম নিরসন বিষয়ক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

**শিশুশ্রম সংক্রান্ত দায়েরকৃত মামলার বিবরণ (২০১৫-২০১৬)**

| ক্রমিক | সেক্টরের নাম | মামলার সংখ্যা |
|---|---|---|
| ০১ | লোকাল গার্মেন্টস (টেইলারিং হাউজ) | ৪৫টি |
| ০২ | হোসিয়ারি (নিটিং কারখানা) | ১৬টি |
| ০৩ | রেস্টুরেন্ট | ০৯টি |
| ০৪ | প্রিন্টিং | ০৬টি |
| ০৫ | উইভিং | ০২টি |
| ০৬ | অন্যান্য | ১২টি |
| | **মোট=** | ৯০টি |

**খ. শিশুকক্ষ:** মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠানে শিশুকক্ষ বা ডে-কেয়ার সেন্টার স্থাপন ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

**জুন, ২০১৬ পর্যন্ত শিশুকক্ষ/ডে-কেয়ার স্থাপন সংক্রান্ত তথ্য:**

| স্থাপিত শিশু কক্ষ/ডে-কেয়ারের সংখ্যা | উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| ৩,৯০০টি | ২৯৪৮টি | কার্যক্রম চলমান আছে। |

গ. OSH Council & OSH Profile: জাতীয় শিল্প, স্বাস্থ্য ও সেফটি কাউন্সিলের কার্যপরিধি ও কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এছাড়া, National OSH Profile- এর খসড়া চূড়ান্ত করা হয়েছে।

**ঘ. জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস (OSH Day):** জাতীয় শিল্প স্বাস্থ্য নীতিমালার নির্দেশনা অনুয়ায়ী ২০১৬ খ্রিস্টাব্দের ২৮ এপ্রিল প্রথমবারের মত 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস' পালন করা হয়েছে। 'নিরাপদ কর্মপরিবেশে, সমৃদ্ধির পথে বাংলাদেশ।'-এ প্রতিপাদ্যে পালিত দিবসটির আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মহামান্য রাষ্ট্রপ্রতি উপস্থিত থেকে দিবসটির গুরুত্ব তুলে ধরেন। এছাড়াও, 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস' উদযাপন উপলক্ষ্যে স্যুভেনির প্রকাশ, সারাদেশে বিভিন্ন ধরণের পোস্টারিংসহ রাজধানীর গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ ও স্থানসমূহ সজ্জিতকরণ এবং একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নেতৃত্বে দিবসটি উদযাপনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আইএলও এর সহযোগিতায় সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেছে।

**ঙ. সেইফটি কমিটি'র সদস্যদের প্রশিক্ষণ:** শ্রম আইনের বিধান অনুযায়ী বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠানে গঠিত সেইফটি কমিটি যেন তাদের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে পারে, সে লক্ষ্যে আইএলও'র সহযোগিতায় পরীক্ষামূলকভাবে ১০০টি সেইফটি কমিটির সদস্যগনকে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে, ১৫টি কারখানার ৯০জন সদস্যকে সেইফটি কমিটির কার্যক্রম পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




**২.৪ সাধারণ শাখা:** যুগ্মমহাপরিদর্শকের অধীনে ০১ জন উপমহাপরিদর্শক এবং ২ জন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) সমন্বয়ে এ শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে। মাঠ পর্যায়ের পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম তদারকি, পরিদর্শকগণের পরিদর্শনসূচি অনুমোদন, শ্রম অভিযোগ নিষ্পত্তি, শ্রমকিদের বেতনভাতাদি পরিশোধ সংক্রান্ত শ্রম অসন্তোষ নিরসনের উদ্যোগ গ্রহণসহ আইনের বিধান অনুযায়ী চাকরির শর্তাবলী ও কল্যাণমূলক বিধানসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণে মহাপরিদর্শক ও অতিরিক্ত মহাপরিদর্শককে সহযোগিতা করা এ শাখার প্রধান কাজ। এছাড়াও, কারখানা ও প্রতিষ্ঠানের নিয়োগবিধির অনুমোদন এবং জনবল সরবরাহকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল হতে বিভিন্ন প্রকার সাহায্য-সহযোগিতা প্রদানের সুপারিশ ও চেক বিতরণ কার্যক্রম ইত্যাদি এ শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে।

# ২০১৫-২০১৬ অর্থবছরের পরিদর্শন পরিকল্পনা জেলা ভিত্তিক অগ্রাধিকার সেক্টর

| বিভাগ | জেলা | গার্মেন্টস সেক্টর | পেশাগত ব্যাধি | শিশুশ্রম | কর্মক্ষেত্রে দুর্ঘটনা | চাকরির শর্তাবলী | পরিদর্শনের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | গার্মেন্টস ৫০% | ট্যানারী/পাট/ টেক্সটাইল ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ /অটোমোবাইল ৮% | নির্মাণ শিল্প, প্লাস্টিক এন্ড রাবার ও রি-রোলিং মিলস ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ১৪% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | কিশোরগঞ্জ | - | - | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ২০% | চাউল কল/ নির্মাণ শিল্প ২০% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৪০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন |
| | নারায়ণগঞ্জ | গার্মেন্টস ৫০% | পাট/টেক্সটাইল সিমেন্ট ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ৮% | জাহাজ নির্মাণ শিল্প, নির্মাণ শিল্প, প্লাস্টিক এন্ড রাবার ও রি-রোলিং মিলস ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ১৪% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | গাজীপুর | গার্মেন্টস ৫০% | টেক্সটাইল ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ৮% | নির্মাণ শিল্প, প্লাস্টিক এন্ড রাবার ও রি-রোলিং মিলস ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ১৪% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | ময়মনসিংহ | গার্মেন্টস ১০% | টেক্সটাইল ১০% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ২০% | চাউল কল /নির্মাণ শিল্প ২০% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | টাঙ্গাইল | গার্মেন্টস ২৫% | তামাক/ টেক্সটাইল/ পাওয়ার লুম ২০% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ১০% | চাউল কল/ নির্মাণ শিল্প ১০% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ১৫% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | **মানিকগঞ্জ** | - | টেক্সটাইল ১০% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ২০% | চাউল কল/ নির্মাণ শিল্প ১০% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | নরসিংদী | - | পাট/টেক্সটাইল | হোটেল/রেস্টুরেন্ট/ | নির্মাণ শিল্প | হোটেল/রেস্টুরেন্ট/ | অভিযোগ তদন্ত ও |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ৪০% | ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল | ১০% | দোকান ও প্রতিষ্ঠানসমূহ ১৫% | তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | মুন্সিগঞ্জ | - | সিমেন্ট ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ১০% | নির্মাণ শিল্প ১০% | হোটেল/রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৫% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | গার্মেন্টস ৫০% | সিমেন্ট/পাট/ টেক্সটাইল মৎস্য প্রক্রিয়াকরণ ৪% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ৮% | জাহাজ নির্মাণ ও জাহাজ ভাঙ্গা শিল্প, নির্মাণ শিল্প প্লাস্টিক এন্ড রাবার ও রি-রোলিং মিলস ৪% | চাবাগান/ হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ১৪% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | কুমিল্লা | - | পাট/টেক্সটাইল মৎস্য/মৎস্য প্রক্রিয়াকরণ ৪০% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ১০% | চাউল কল/নির্মাণ শিল্প ১০% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| খুলনা | খুলনা | - | মৎস্য/মৎস্য প্রক্রিয়াকরণ/ পাট ৪০% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ১০% | জাহাজ নির্মাণ শিল্প ও নির্মাণ শিল্প ১০% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | কুষ্টিয়া | - | তামাক ২০% | তামাক/হোটেল/ রেস্টুরেন্ট ১৫% | চাউল কল/নির্মাণ শিল্প ১৫% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৩০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | যশোর | - | মৎস্য/মৎস্য প্রক্রিয়াকরণ/ পাট/ টেক্সটাইল সিমেন্ট ৩০% | হোটেল/রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ১০% | নির্মাণ শিল্প ১০% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৩০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | রাজশাহী | - | পাট ২০% | হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল | চাউল কল/ নির্মাণ শিল্প ৩০% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রাজশাহী | | | | ১০% | | | ৮০% |
| | বগুড়া | - | পাট ২০% | ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ১০% | চাউল কল/ নির্মাণ শিল্প ৩০% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | পাবনা | - | পাট ২০% | তামাক/হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ ১৫% | চাউল কল/ নির্মাণ শিল্প ১৫% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৩০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | সিরাজগঞ্জ | - | টেক্সটাইল/পাওয়ার লুম ৩০% | হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ১৫% | চাউল কল/ নির্মাণ শিল্প ১৫% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৩০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| বরিশাল | বরিশল | - | টেক্সটাইল ২০% | হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ অটোমোবাইল ১০% | জাহাজ নির্মাণ শিল্প ও নির্মাণ শিল্প ৩০% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| রংপুর | রংপুর | - | তামাক ৩০% | তামাক/হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ ১৫% | চাউল কল/ নির্মাণ শিল্প ১৫% | হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | দিনাজপুর | - | পাথর ভাঙ্গা ১৫% | হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/ | চাউল কল/ নির্মাণ শিল্প ৩০% | চা বাগান/ হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অটোমোবাইল ১৫% | | প্রতিষ্ঠানসমূহ ২০% | পরিদর্শন ৮০% |
| সিলেট | সিলেট | - | সিমেন্ট ৩০% | হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ২০% | নির্মাণ শিল্প ১০% | চা বাগান/ হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ২০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |
| | মৌলভীবাজার | - | সিমেন্ট/পাথর ভাঙ্গা ১০% | হোটেল/ রেস্টুরেন্ট/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ/অটো মোবাইল ২০% | নির্মাণ শিল্প ২০% | চা বাগান/ হোটেল/ রেস্টুরেন্ট/ দোকান ও প্রতিষ্ঠানসমূহ ৩০% | অভিযোগ তদন্ত ও তাৎক্ষনিক পরিদর্শন ২০% অগ্রাধিকার পরিদর্শন ৮০% |

২০১৫-২০১৬ অর্থবছরে পরিদর্শন, মামলা দায়ের, অভিযোগ নিষ্পত্তি, গণশুনানি, উদ্বুদ্ধকরণ সভা, প্রদত্ত লাইসেন্স এবং নবায়নের তথ্য নিম্নরুপ:

| | |
|---|---|
| ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে কারখানা ও প্রতিষ্ঠানে পরিদর্শন সংখ্যা | ২০১৫-২০১৬ |
| | ৩০,১৩৪ |

| | |
|---|---|
| বাংলাদেশ শ্রম আইন'২০১৬ এর বিভিন্ন ধারা লঙ্ঘনের অভিযোগের পরিদর্শককর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | ২০১৫-২০১৬ |
| | ১,৩৩০টি |

| কারখানা ও প্রতিষ্ঠানে শ্রম অভিযোগ নিষ্পত্তির তথ্য (২০১৫-২০১৬) | |
|---|---|
| প্রাপ্ত অভিযোগ | নিস্পত্তিকৃত অভিযোগ |
| ১৮৬১ টি | ৯৩৫ টি |

| | |
|---|---|
| বাংলাদেশ শ্রম আইন ও বাংলাদেশ শ্রম বিধিমালা বাস্তবায়নকল্পে উদ্ধুতকরণ সভা আয়োজন করা হয়েছে | ২০১৫-২০১৬ |
| | ৩৭৭ টি |

| অনুষ্ঠিত গণশুনানীর তথ্য (২০১৫-২০১৬) | |
|---|---|
| প্রাপ্ত অভিযোগ | নিস্পত্তির সংখ্যা |
| ৪২৭ | ৩২৯ |

| বাংলাদেশ শ্রম আইন এর আওতায় কারখানা ও প্রতিষ্ঠানে লাইসেন্স প্রদান এবং নবায়নের তথ্য (২০১৫-২০১৬) | | মোট |
|---|---|---|
| নতুন লাইসেন্স প্রদান | লাইসেন্স নবায়ন | |
| ৫,৫১০ টি | ১১,৭৭৪ টি | ১৭,২৮৪টি |

**০৩. উপমহাপরিদর্শকের কার্যালয়:** অধিদপ্তরের অধীন ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে মাঠ পর্যায়ে পরিদর্শন কার্যক্রম, মামলা দায়ের, শ্রম অভিযোগ নিষ্পত্তি, শ্রমিকদের বেতনভাতাদি পরিশোধ সংক্রান্ত শ্রম অসন্তোষ নিরসনের উদ্যোগ,  আইনের বিধান অনুযায়ী চাকরির শর্তাবলী ও কল্যাণমূলক বিধানসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণ, কারখানার লে-আউট অনুমোদন, কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন, কারখানা ভবনের নিরাপত্তা, অগ্নি নিরাপত্তা ও বৈদ্যুতিক নিরাপত্তাসহ বিভিন্ন দুর্ঘটনার তদন্ত ও ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিকরণ, স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ, রোগাক্রান্ত শ্রমিকদের চিকিৎসা সুবিধা প্রাপ্তি, মাতৃত্বকালীন সুবিধাপ্রাপ্তি, কর্মস্থলে শিশুকক্ষ স্থাপন, প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা ও প্রযোজ্যক্ষেত্রে চিকিৎসাকেন্দ্র স্থাপনসহ আইনের বিধান অনুযায়ী স্বাস্থ্য সংক্রান্ত বিষয়াদী নিশ্চিতকরণ, ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রম নিরসন, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল হতে বিভিন্ন প্রকার সাহায্য-সহযোগিতা প্রদানের সুপারিশ ও চেক বিতরণ ইত্যাদি কাজ সম্পাদন করা হয়। এছাড়াও, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা হয়।

উপমহাপরিদর্শকের কার্যারয়গুলোতে ৫টি শাখার মাধ্যমে উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হয়। শাখাগুলো হলো:

১. প্রশাসন শাখা
২. সেইফটি শাখা
৩. স্বাস্থ্য শাখা
৪. সাধারণ শাখা
৫. দোকান ও প্রতিষ্ঠান শাখা



**০৪. প্রকল্পসমূহ:** অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও আধুনিকায়নের জন্য নিজস্ব ভবন স্থাপনের উদ্যোগ হিসেবে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও ০৯টি জেলা অফিস স্থাপন প্রকল্প গ্রহণ করা হয়েছে, প্রকল্পের কাজ সমাপ্তির পথে। এছাড়াও, কার্যক্রম সম্প্রসারণের অংশ হিসেবে কয়েকটি প্রকল্প প্রস্তাব প্রণয়নাধীন।

৪.১ **চলমান প্রকল্প:**

| সংখ্যা | প্রকল্পের নাম | প্রকল্প এলাকা | বাস্তাবায়নকাল | বরাদ্দ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ০১টি | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও ০৯টি জেলা অফিস স্থাপন প্রকল্প | গাজীপুর, নারায়ণগঞ্জ, কুষ্টিয়া, ফরিদপুর, কুমিল্লা, বরিশাল, ময়মনসিংহ, মৌলভীবাজার, রংপুর | জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৬ | ৭২৫০.০২ |

**চলমান প্রকল্পের অগ্রগতি:**

<table>
<tr><th>ক্রমিক</th><th colspan="2">অবকাঠামো</th><th colspan="2">প্রশিক্ষণ</th><th colspan="2">গাড়ী ও অফিস সরঞ্জাম</th></tr>
<tr><td></td><td>কার্যালয়ের নাম</td><td>অগ্রগতি</td><td>স্থানীয়</td><td>বিদেশ</td><td>সামগ্রীর নাম</td><td>সংখ্যা</td></tr>
<tr><td>০১</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর</td><td>নির্মাণ শেষে উদ্বোধন করা হয়েছে</td><td rowspan="5">ক. প্রকল্পাধীন ০৯টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্ম এলাকায় শ্রম আইন বাস্তবায়ন বিষয়ে ৫৯টি ত্রিপক্ষীয় প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ১৭৭০ জনকে প্রশিক্ষাণ প্রদান করা হয়েছে।</td><td rowspan="9">কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির অংশ হিসেবে ডেনমার্কে ০১টি শিক্ষাসফরে ১০ জন কর্মকর্তা, ভিয়েতনামে ০২টি ব্যাচে ২৪ জন কর্মকর্তা ও থাইল্যান্ডে ০১টি প্রশিক্ষণে ১০জন কর্মকর্তার প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।</td><td>জিপ</td><td>০১টি</td></tr>
<tr><td>০২</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া</td><td>নির্মাণ শেষে উদ্বোধন করা হয়েছে</td><td>মাইক্রোবাস</td><td>০৬টি</td></tr>
<tr><td>০৩</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর</td><td>নির্মাণ শেষ হয়েছে</td><td>মোটরসাইকেল</td><td>৪৫টি</td></tr>
<tr><td>০৪</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লা</td><td>নির্মাণ কাজ চলমান</td><td>ডেস্কটপ কম্পিউটার</td><td>৬৮টি</td></tr>
<tr><td>০৫</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল</td><td>নির্মাণ কাজ চলমান</td><td>ল্যাপটপ কম্পিউটার</td><td>০২টি</td></tr>
<tr><td>০৬</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ</td><td>নির্মাণ কাজ চলমান</td><td rowspan="4">খ. ০৭টি ব্যাচে মোট ১৪০জন কর্মকর্তা-কর্মচারীকে কম্পিউটার ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</td><td>ট্যাবলেট কম্পিউটার</td><td>০৩টি</td></tr>
<tr><td>০৭</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার</td><td>নির্মাণ কাজ চলমান</td><td colspan="2" rowspan="3">এছাড়াও, প্রকল্প প্রস্তাব অনুযায়ী ০৯টি অফিসের আসবাবপত্রসহ অফিস সরঞ্জামাদি ও পরিদর্শন সামগ্রী ক্রয় করা হয়েছে।</td></tr>
<tr><td>০৮</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর</td><td>নির্মাণ কাজ চলমান</td></tr>
<tr><td>০৯</td><td>উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ</td><td>নির্মাণ কাজ চলমান</td></tr>
</table>

## ৪.২ প্রস্তাবিত প্রকল্পসমূহ:

| ক্রমিক নং (অগ্রাধিকারসহ) | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল ( প্রধান প্রধান অঙ্গসহ) | প্রকল্পের ব্যয় (লক্ষ টাকা) | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|
| | | মোট (বৈ: মু:) | টাকা | প্রকল্প সাহায্য (টাকাংশ) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা অফিস ভবন স্থাপন ( ২য় পর্যায়) | ১১০.০০ (-) | ১১০.০০ (-) | | জিওবি |
| ২ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন প্রকল্প। | ২০০.০০ (-) | ২০০.০০ | | জিওবি |
| ৩ | কলকারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং শ্রমিক প্রতিনিধিদের শ্রম আইনের আওতায় প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ এবং প্রচার। | ২৫.০০ (-) | ২৫.০০ | | জিওবি |
| ৪ | সারা দেশে বিদ্যমান কলকারখানা, শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠান এবং দোকান সমুহের জরিপের মাধ্যমে ডাটাবেজ তৈরি। | ২৫.০০ (-) | ২৫.০০ | | জিওবি |
| ৫ | কলকারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত ব্যাধি এইডস সম্পর্কে সচেতনতা বৃদ্ধ কার্যক্রম। | ২৫.০০ (-) | ২৫.০০ | | জিওবি |
| ৬ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান এর যন্ত্রপাতি ও প্রশিক্ষণ উপকরণ সংগ্রহ/ ক্রয় সংক্রান্ত প্রকল্প। | ৫০.০০ (-) | ৫০.০০ | | জিওবি |
| ৭ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকদের ভবন, বিদ্যুৎ ও অগ্নি নিরাপত্তা সম্পর্কে দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান। | ২৫.০০ (-) | ২৫.০০ | | জিওবি |

**০৫. বৈশ্বিক অংশীজনের সাথে সমন্বিত কার্যক্রম:** কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি ও আন্তর্জাতিক শ্রমমান নিশ্চিতকল্পে সরকারের পাশাপাশি উন্নয়ন সহযোগী দেশ ও আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় বিভিন্ন সমন্বিত কার্যক্রম পরিচালিত হচ্ছে।

**৫.১ আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও):** আইএলও এর 'ইমপ্রুভিং ওয়ার্কিং কন্ডিশন ইন দ্য আরএমজি সেক্টর' শীর্ষক প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনার জন্য ১০৫টি মোটর সাইকেল, ৪০টি স্কুটি, ৩৭টি ডেস্কটপ কম্পিউটার, ০১টি ল্যাপটপ, ৬টি ফটোকপিয়ার, ০২টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ০২টি ফ্যাক্স ইত্যাদি অফিস সরঞ্জামাদি প্রদান করা হয়েছে। এছাড়াও, প্রধান কার্যালয়ের গ্রন্থাগারকে অত্যাধুনিক রিসোর্স সেন্টারে রুপান্তর করাসহ কর্মকর্তা-কর্মচারীদের জন্য ওয়ার্কস্টেশন স্থাপন ও ০৫টি শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রদান করা হয়েছে।

বর্তমানে 'সাপোর্ট টু দ্য ডিআইএফই টু ইমপ্লিমেন্ট দ্য এ্যানুয়াল লেবার ইন্সপেকশন প্লান টু ইমপ্রুভ অকুপেশনাল সেইফটি এ্যান্ড হেলথ এ্যাট ওয়ার্কপ্লেস প্রোগ্রাম'-এর আওতায় উল্লিখিত কার্যক্রম চলমান রয়েছে।

**কার্যক্রমসমূহ:**

ক. বার্ষিক পরিদর্শন পরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে আঞ্চলিক ও জেলা পর্যায়ে কর্মপরিকল্পনা প্রণয়ন।

খ. মানসম্মত শ্রম পরিদর্শন পদ্ধতি প্রবর্তনের উদ্দেশ্যে পরিদর্শন চেকলিস্ট, এসওপি, পরিদর্শন ম্যানুয়াল ও নির্দেশিকা প্রণয়ন।

গ. বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এবং পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সম্পর্কে মালিক ও শ্রমিকদের মধ্যে সচেতনাতাবৃদ্ধিমূলক কার্যক্রম।

ঘ. কর্মক্ষেত্রে 'পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সংস্কৃতি' গড়ে তোলার লক্ষ্যে 'পেশাগত স্বাস্থ্য ও সেইফটি ইউনিট' গঠন।

ঙ. রিভিউ প্যানেলের নিয়মিত কার্যক্রম পরিচালনা।

চ. পরিদর্শকগণের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানে সহযোগিতা করা।

**৫.২ স্ট্র্যাটেজিক সেক্টর কো-অপারেশন ডেনমার্ক-বাংলাদেশ:** এ প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে পরিদর্শন কাজে ব্যবহারের জন্য ২৮৬টি ট্যাবলেট কম্পিউটার প্রদান করা হয়েছে। এছাড়াও, নিম্নলিখিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| ০১ | মেশিনারি সেফটি | ০৮ জন |
| ০২ | এ্যাক্সিডেন্ট প্রিভেনশন | ০৮ জন |
| ০৩ | কনস্ট্রাকশন সেফটি | ০৮ জন |
| ০৪ | কেমিক্যাল সেফটি | ০৮ জন |
| ০৫ | আর্গোনোমিকস | ০৮ জন |

**৫.৩ জার্মান ডেভেলপমেন্ট কো-অপারেশন (জিআইজেড):** জিআইজেড এর পিএসইএস প্রকল্পের আওতায় পরিদর্শন কাজে ব্যবহারের জন্য ৩২টি ল্যাপটপ এবং প্রধান কার্যালয়ের সভাকক্ষে ব্যবহারের জন্য ০২টি শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রদান করা হয়েছে। জিআইজেড এর সহযোগিতায় উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা-এর অধীন সাভার অঞ্চলে একটি শাখা অফিস পরিচালিত হচ্ছে। এছাড়াও, নবনিয়োগপ্রাপ্ত ১১০ জন পরিদর্শকগণকে বাংলাদেশ শ্রম আইন সম্পর্কে চার দিনের মৌলিক প্রশিক্ষণসহ ০৫জন কর্মকর্তাকে জার্মানীতে ০৩ সপ্তাহব্যাপী সামাজিক দুর্ঘটনা বীমা, সামাজিক সংলাপ এবং পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**০৬. ভবিষ্যত পরিকল্পনা:** শিল্পনির্ভর মুক্তবাজার অর্থনীতির সাথে সঙ্গতি রেখে বাংলাদেশের শিল্প-কারখানা ও বাণিজ্যক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আনয়নে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক কিছু বাস্তবমূখী ভবিষ্যত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**৬.১ ডিজিটাল পদ্ধতিতে অধিদপ্তরের সকল কার্যক্রম সম্পাদন:** বর্তমানে ম্যানুয়াল পদ্ধতিতে সম্পাদিত দাপ্তরিক কার্যক্রমকে ডিজিটাল পদ্ধতিতে রুপান্তরের পরিকল্পনা গ্রহন করা হয়েছে। ইতোমধ্যে, আইএলও এর সহযোগিতা 'লেবার ইন্সপেকশন মোবাইল এ্যাপলিকেশন' প্রণয়নের কাজ চলমান রয়েছে। এছাড়াও, সকল ধরণের প্রতিবেদন অনলাইন প্রেরণ ও গ্রহণ এবং রেজিস্ট্রারসমূহ ডিজিটাল পদ্ধতিতে রক্ষণাবেক্ষণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

**৬.২ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি ইন্সস্টিটিউট:** পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ, অন্যান্য অংশীজনদের জন্য বিশেষ প্রশিক্ষণ, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর শিক্ষা এবং গবেষণার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দিক-নির্দেশনা অনুযায়ী জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি ইন্সস্টিটিউট স্থাপনের প্রস্তাব ইতোমধ্যে

মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, কিশোরগঞ্জ জেলার সদর উপজেলায় পূর্ত অধিদপ্তরের অব্যবহৃত ১৫ একর জায়গা বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

**৬.৩ 'পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সংস্কৃতি' (OSH Culture) গড়ে তোলা:** দেশব্যাপী সকল অংশীজনের মধ্যে পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা অনুষ্ঠান এবং বিভিন্ন গণমাধ্যমে প্রচারণার কার্যক্রম গ্রহণের পরিকল্পনা করা হয়েছে।

**৬.৪ শ্রমিকদের ডাটাবেজ তৈরি:** শ্রমিকরা যেন আইনগত অধিকার থেকে বঞ্চিত না হয়, সেজন্য সারাদেশের সকল সেক্টরের শ্রমিকদের জন্য একটি সমন্বিত ডাটাবেজ প্রস্তুতপূর্বক জাতীয় পরিচয়পত্রের ন্যায় 'স্মার্ট কার্ড' প্রদানের পরিকল্পনা অধিদপ্তরের রয়েছে। এবিষয়ে সরকারের সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে পরর্বর্তী কার্যক্রম গ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**৬.৫ সকল জেলায় কার্যালয় স্থাপন:** বর্তমানে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে অধিদপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। জাতীয় পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর হিসাবমতে, সারাদেশের ৮০ লক্ষ অর্থনৈতিক ইউনিটকে আইনের আওতায় আনার প্রয়োজনে সকল জেলায় কার্যালয় স্থাপন আবশ্যক। একইসাথে, কার্যক্রম মনিটরিং এর জন্য সকল বিভাগে বিভাগীয় দপ্তর স্থাপনের মাধ্যমে অধিদপ্তরের জনবল বৃদ্ধি করে অবকাঠামোগত সংস্কার পরিকল্পনা করা হচ্ছে।

**৬.৬ শিশুশ্রম নিরসন পরিকল্পনা:** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সরকারের পরিকল্পনাকে বিবেচনায় রেখে আগামী ২০২১ খ্রিস্টাব্দের মধ্যে সকল ধরণের ঝুঁকিপূর্ণ কাজ থেকে শিশুশ্রম নিরসন এবং ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারী-বেসরকারী সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে সমন্বিত পরিকল্পনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এলক্ষ্যে, জাতীয় শিশুশ্রম জাতীয় শিশুশ্রম কল্যাণ কাউন্সিল- এর কার্যক্রমের সাথে সঙ্গতি রেখে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে।

**৬.৭ ঝুঁকিপূর্ণ শিল্প নীরিক্ষা কার্যক্রম পরিকল্পনা:** তৈরি পোষাক শিল্প ছাড়াও অন্যান্য শিল্প সেক্টরে দুর্ঘটনা প্রবণতা বৃদ্ধি পাওয়ায় শ্রমিকগণের জীবন ও সম্পদ রক্ষার জন্য নিরাপদ কর্মক্ষেত্র নিশ্চিত করা জরুরী। এ লক্ষ্যে, ঝুঁকিপূর্ণ শিল্পসমূহ চিহ্নিত করে ভবনের অবকাঠামো, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত নীরিক্ষা কার্যক্রম পরিচালনা ও সংস্কার সাধন নিশ্চিত করার পরিকল্পনা করা হচ্ছে।

**০৭. অন্তরায়সমূহ:** অধিদপ্তরে রুপান্তরের পর হতে বিগত সময়ে বিভিন্ন বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও কার্যক্রম পরিচালনা করতে গিয়ে নিম্নলিখিত অন্তরায়সমূহ চিহ্নিত করা সম্ভব হয়েছে, যা নিরসন করা সম্ভব হলে অধিদপ্তরের কার্যক্রমে গতিসঞ্চার হবে এবং অভীষ্ট্য লক্ষ্য অর্জন সম্ভব হবে।

ক. অধিদপ্তরের অবকাঠামো সংস্কার ও জনবল স্বল্পতা
খ. পেশাগত প্রশিক্ষণের জন্য স্থায়ী অবকাঠামোর অভাব
গ. তথ্য সংরক্ষণ ও গবেষণার অভাব
ঘ. আইনের প্রয়োজনীয় সংশোধন ও পরিদর্শকদের ক্ষমতা প্রয়োগে সীমাবদ্ধতা
ঙ. মামলা পরিচালনায় আইনি বাধ্যবাধকতা ও প্রয়োজনীয় সংখ্যক শ্রম আদালতের অভাব

## ০৮. সিটিজেন চার্টার

**প্রতিশ্রুত নাগরিক সেবা:**

| ক্র: নং | প্রদত্ত সেবা | সেবা প্রদান পদ্ধতি ও বিবরণ | প্রয়োজনীয় কাগজপত্র | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবাদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | যথাসময়ে সেবা না পাওয়া গেলে যার নিকট আবেদন করতে হবে। |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | কারখানা মেশিন লে-আউট প্ল্যান অনুমোদন। | কারখানা কর্তৃপক্ষ এমোনিয়া বা ব্লু প্রিন্টে দুই কপি নক্সা ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ নির্ধারিত ফরমে (ফরম-৭৬) উপমহাপরিদর্শক কার্যালয়ে আবেদন পত্র দাখিল করবেন। উপমহাপরিদর্শক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক কারখানাটি সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপমহাপরিদর্শকগণ নক্সা অনুমোদন করবেন। | ১। ট্রেড লাইসেন্সের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>২। ভাড়ার চুক্তি/জমির খারিজের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>৩। জাতীয় পরিচয়পত্রের (মালিক/এমডি/সিইও/ ব্যবস্থাপক) কপি।<br>৪। সয়েল টেস্ট রির্পোট (প্রযোজ্যক্ষেত্রে)<br>৫।স্বীকৃত প্রকৌশলী/প্রকৌশলী সংস্থা কর্তৃক প্রণীত স্ট্রাকচারাল ডিজাইন/ড্রইং (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>৬। স্বীকৃত প্রকৌশলী/প্রকৌশল সংস্থা লোড বিয়ারিং ক্যাপসিটি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>৭। স্বীকৃত প্রকৌশলী/প্রকৌশল সংস্থা কর্তৃক ভবন নির্মাণের সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ।<br>৮।স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ভবনের নক্সা। | বিনামূল্যে | ৯০ দিন | উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয় | মহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ২৩-২৪, কারওয়ান বাজার, বি.এফ.ডি.সি কমার্শিয়াল কমপ্লেক্স, ঢাকা-১২১৫ ফোন: ৫৫০১৩৬২৬<br>E-mail: chiefdife@gmail.com |
| ২। | কারখানা/ প্রতিষ্ঠানের | কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নির্ধারিত ফরম | ১। ট্রেড লাইসেন্সের | সরকার নির্ধারিত | ৯০ দিন | উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের | মহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | রেজিস্ট্রেশন ও লাইসেন্স প্রদান, নবায়ন ও সংশোধন | (ফরম-৭৭) পূরণ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ উপমহাপরিদর্শক কার্যালয়ে আবেদন পত্র দাখিল করবেন। উপমহাপরিদর্শক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক কারখানটি সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপমহাপরিদর্শকগণ কারখানা/প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন ও লাইসেন্স প্রদান এবং নবায়ন করবেন। | কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>২। ভাড়ার চুক্তি/জমির খারিজের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৩। জাতীয় পরিচয়পত্রের (মালিক/এমডি/সিইও/ ব্যবস্থাপক) কপি।<br>৪। বিদ্যুতের ডিমান্ট নোট (প্রযোজ্য ক্ষেত্রে) ।<br>৫। মেমোরেন্ডাম অফ আর্টিকেল/অংশিদারী চুক্তি কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>৬। কারখানা লে-আউট প্লান অনুমোদনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>৭। প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত ভবনের স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নক্সার কপি ও অনুমোদনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>৮। ট্রেজারি চালান প্রদানের মূল কপি।<br>৯। মূল লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>১০। কারখানা/প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীর তালিখা (প্রযোজ্য ক্ষেত্রে)। | লাইসেন্স ফি/ লাইসেন্স নবায়ন ফি (২.২ ক্রমিক বিস্তারিত বর্ণিত) কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লাইসেন্স ফি/লাইসেন্স নবায়ন ফি চালান কোডে (১-৩১৪৩-০০০০-১৮৫৪) জমা প্রদান করবেন। | | কার্যালয় | পরিদর্শন অধিদপ্তর ২৩-২৪, কারওয়ান বাজার, বি.এফ.ডি.সি কমার্শিয়াল কমপ্লেক্স, ঢাকা-১২১৫ ফোন: ৫৫০১৩৬২৬<br>E-mail: chiefdife@gmail.com |
| ৩। | ঠিকাদার সংস্থার (Oustourcing) রেজিষ্ট্রেশন এবং লাইসেন্স প্রদান নবায়ন। | ঠিকাদার সংস্থা নির্ধারিত ফরম (ফরম-৭৭) পূরন ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ মহাপরিদর্শক বরাবর আবেদন পত্র দাখিল | ১। আবেদনকারী পাসর্পোট সাইজের ০৫ (পাঁচ) কপি ছবি।<br>২। আবদেনকারীর নাগরিকত্ব সনদ।<br>৩। জাতীয় পরিচয়পত্রের | | | | -ঐ- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | করবেন।<br><br>২। মহাপরিদর্শক কর্তৃক দা<br>য়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন পত্রের তথ্যবলী সঠিকতা যাচাি্ই করবেন এবং প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। দাখিলকৃত প্রতেবেদনের আলোকে মহাপরিদর্শক লাইসেন্সে আবেদন মঞ্জুর করবেন। মঞ্জুরের তারিখ থেকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঠিকাদার সংস্থা নির্ধারিত লাইসেন্স ফি চালান কোডে (১-৩১৪৩-০০০০-১৮৫৪) জমা প্রদান করবেন।<br><br>৩। আবেদন মঞ্জুর করা হলে উক্ত মঞ্জুরের তারিখ থেকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত পরিমাণ লাইসেন্স ফি জমা প্রদান করতে হবে।<br><br>৪। ফরম ৭৮ অনুযায়ী মহাপরিদর্শক প্রদান করবেন।<br><br>৫। ঠিকাদার সংস্থা লাইসেন্স নবায়নের জন্য বিধি ৩৫৫<br><br>(৩) এর বিধান অনুযায়ী মহাপরিদর্শক বরাবর আবেদন করতে হবে। | ফটোকপি।<br><br>৪। ট্রেড লাইসেন্সের কপি।<br><br>৫। TIN সনদ।<br><br>৬। মূল্যে সংযোজন কর রেজিস্ট্রেনের সার্টিফিকেটের সত্যায়িত কপি।<br><br>৭। আর্থিক স্বচ্ছলতার প্রমাণ স্বরূপ ব্যাংকের সনদপত্র।<br><br>৮। কোম্পানির সংঘ অংশীদারী কারবার, সংঘ ও সমিতি হলে অংশীদারী দলিল বা মেমোরেন্ডাম অফ এসোসিয়েশণ।<br><br>৯। মহাপরিদর্শকের অনুকূলে জামানত হিসেবে তফীসল নির্ধারিত পরিমাণ অর্থ সরকার কর্তৃক অনুমোদিত ব্যাংক হিসাবে জমাকরণ।<br><br>১১। ঠিকানাসহ অবস্থান ও অফিস ব্যবস্থাপনা বিবরণ।<br><br>১২। যোগাযোগের আধুনিক যন্ত্রপাতি ইত্যাদির তালিকা ও এ সংক্রান্ত প্রয়োজনীয় সনদপত্র।<br><br>১৩। নিজস্ব প্রশিক্ষণ সুবিধার ব্যবস্থা বা অন্য কোন অনুমোদিত প্রশিক্ষণ সংস্থার সাথে চুক্তিপত্র (যদি থাকে)।<br><br>১৪। কর্মী নিয়োগ | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বিধিমালা।<br><br>১৫। ভাড়ার চুক্তি/জমির খারিজের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।<br><br>১৬।বিদ্যুতের ডিমান্ট নোট (প্রযোজ্য ক্ষেত্রে)।<br><br>১৭। প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত ভবনের স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নক্সার কপি ও অনুমোদনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।<br><br>১৮। মূল লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।<br><br>১৯। কারখানা/প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীর তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে)। | | | | |
| ৪। | আপোষ ও মীমাংসার মাধ্যমে মজুরীসহ অন্যান্য পাওনাদি পরিশোধ। | অভিযোগকারী মহাপরিদর্শক/উমহাপরিদর্শক কার্যালয়ে আবেদন পত্র দাখিল করবেন। | | বিনামূল্যে | অভিযোগ আবেদন প্রাপ্তির সবোর্চ্চ ২০ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ। | মহাপরিদর্শক বা মহাপরিদর্শক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয় | -ঐ- |
| ৫। | টোল ফ্রি হেল্প লাইন সার্ভিসের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি। | শ্রমিক/সংশ্লিষ্ট কেউ ০৮০০- ৪৪৫৫০০ নাম্বারে কল করে অভিযোগ দায়ে করবেন। দায়কৃত অভিযোগটি সংশ্লিষ্ট জেলঅ কার্যালয়ে তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | | বিনামূল্যে | ৩০ দিন | মহাপরিদর্শক বা সংশ্লিষ্ট উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয় | -ঐ- |
| ৬। | কারখানা/প্রতিষ্ঠানের চাকুরি বিধি অনুমোদন | কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ফরম-১, ফরম-২ ও ফরম-২ (ক) | | বিনামূল্যে | ৯০ দিন | মহাপরিদর্শক | -ঐ- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ করে খসড়া চাকুরী বিধিমালা মহাপরিদর্শক বরাবর আবেদন করবেন। মহাপরিদর্শক বিধি ৪ অনুসরণ পূর্বক চাকুরী বিধি অনুমোদন করবেন। | | | | | |
| ৭। | অন-লাইন সেবা প্রদান সমূহ:<br><br>১। কারখানা লে-আউট প্লান বা সম্প্রসারণ/ সংশোধন লে-আউট প্লাট অনুমোদনের আবেদন।<br><br>২। কারখান লে-আউট প্লান অনুমোদন সহ কারখানার লাইসেন্স প্রাপ্তির আবেদন।<br><br>৩। কারখানার লাইসেন্স প্রাপ্তির আবেদন।<br><br>৪। কারখানার লাএসন্স নবায়ন এর আবেদন।<br><br>৫। কারখানা লাইসেন্স সংশোধন এর আবেদন।<br><br>৬। কারখানার লে-আউট প্লান বা সম্প্রাসরণ/ সংশোধনের লে-আউট প্লান অনুমোদনসহ | ১। www.dife.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে।<br><br>কারখানা/প্রতিষ্ঠান এর রেজিস্ট্রিকরণ/লাইসেন্স ও অন্যান্য সেবা প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে আবেদন করবেন।<br><br>২। www.dife.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে।<br><br>অভিযোগ দায়ের করবেন। প্রাপ্ত অভিযোগটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় তদন্ত করবেন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | | বিনামূল্যে | | মহাপরিদর্শক এবং উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয় | মহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br><br>২৩-২৪, কারওয়ান বাজার, বি.এফ.ডি.সি কমার্শিয়াল কমপ্লেক্স, ঢাকা-১২১৫<br><br>ফোন: ৫৫০১৩৬২৬<br><br>E-mail: chiefdife@gmail.com |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | লাইসেন্স সংশোধনের জন্য আবেদন।<br><br>৭। কারখানার ডুপ্লিকেট লাইসেন্স প্রাপ্তির আবেদন।<br><br>৮। কাজ শুরু করার পূর্বের নোটিশ।<br><br>৯। অনলাইন কারখান রেজিস্ট্রেশনকরণ। | | | | | | |
| ৮। | তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান | নির্ধারিত ফলমে তথ্য প্রাপ্তির জন্য আবেদন। | | বিনামূল্যে | আইনানুগ সময়সীমা | মহাপরিদর্শক এবং উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয় | -ঐ- |

## কারখানা, শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্য প্রতিষ্ঠান, বাণিজ্যিক ব্যাংক ও বীমা প্রতিষ্ঠান, দোকান এবং ঠিকাদার সংস্থার লাইসেন্স ফি এবং লাইসেন্স নবায়ন ফি

**১। কারখানার জন্য:**

| শ্রেণি | বৎসরের যেকোন দিনে নিয়োজিতব্য শ্রমিক বা কর্মচারীর সর্বোচ্চ সংখ্যা | লাইসেন্স ফি (টাকা) | লাইসেন্স নবায়নের ফি (টাকা) |
|---|---|---|---|
| এ | ৫-৩০ | ৫০০ | ৩০০ |
| বি | ৩১-৫০ | ১,০০০ | ৭০০ |
| সি | ৫১-১০০ | ১,৫০০ | ১,০০০ |
| ডি | ১০১-২০০ | ২,৫০০ | ১,৮০০ |
| ই | ২০১-৩০০ | ৩,০০০ | ২,২০০ |
| এফ | ৩০১-৫০০ | ৫,০০০ | ৩,৫০০ |

| | | | |
|---|---|---|---|
| জি | ৫০১-৭৫০ | ৬,০০০ | ৪,৮০০ |
| এইচ | ৭৫১-১০০০ | ৮,০০০ | ৫,০০০ |
| আই | ১০০১-২০০০ | ১০,০০০ | ৭,০০০ |
| জে | ২০০১-৩০০০ | ১২,০০০ | ৮,৪০০ |
| কে | ৩০০১-৫০০০ | ১৫,০০০ | ১০,০০০ |
| এল | ৫০০১-তদূর্ধ | ১৮,০০০ | ১২,০০০ |

**২। শিল্প প্রতিষ্ঠানসমূহের (কারখানা ও ঠিকাদার সংস্থা ব্যতীত) জন্য:**

| শ্রেণি | বৎসরের যেকোন দিনে নিয়োজিতব্য শ্রমিক বা কর্মচারীর সর্বোচ্চ সংখ্যা | লাইসেন্স ফি (টাকা) | লাইসেন্স নবায়নের ফি (টাকা) |
|---|---|---|---|
| মিনি | ০-৫ | ৩০০ | ১৫০ |
| এ | ৫-২৫ | ৫০০ | ৩০০ |
| বি | ২৬-৫০ | ১,০০০ | ৭০০ |
| সি | ৫১-১০০ | ১,৫০০ | ১,০০০ |
| ডি | ১০১-২০০ | ২,৫০০ | ১,৮০০ |
| ই | ২০১-৩০০ | ৩,০০০ | ২,২০০ |
| এফ | ৩০১-৫০০ | ৫,০০০ | ৩,৫০০ |
| জি | ৫০১-৭৫০ | ৬,০০০ | ৪,৮০০ |
| এইচ | ৭৫১-১০০০ | ৮,০০০ | ৫,০০০ |
| আই | ১০০১-২০০০ | ১০,০০০ | ৭,০০০ |
| জে | ২০০১-৩০০০ | ১২,০০০ | ৮,৪০০ |
| কে | ৩০০১-৫০০০ | ১৫,০০০ | ১০,০০০ |
| এল | ৫০০১-তদূর্ধ | ১৮,০০০ | ১২,০০০ |

৩। বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের (ক্লাব, হোটেল, রেস্তোরা, ব্যাংক, বীমা ব্যতীত) জন্য:

| শ্রেণি | বৎসরের যেকোন দিনে নিয়োজিতব্য শ্রমিক বা কর্মচারীর সর্বোচ্চ সংখ্যা | লাইসেন্স ফি (টাকা) | লাইসেন্স নবায়নের ফি (টাকা) |
|---|---|---|---|
| এ | ১-১০ | ৫০০ | ৩০০ |
| বি | ১১-৩০ | ১,০০০ | ৭০০ |
| সি | ৩১-৫০ | ১,৫০০ | ১,০০০ |
| ডি | ৫১-১০০ | ২,৫০০ | ১,৫০০ |
| ই | ১০১-৩০০ | ৩,৫০০ | ২,০০০ |
| এফ | ৩০১-৫০০ | ৫,০০০ | ২,৫০০ |
| জি | ৫০১-৭৫০ | ৬,০০০ | ৩,০০০ |
| এইচ | ৭৫১-১০০০ | ৭,৫০০ | ৪,০০০ |
| আই | ১০০১-২০০০ | ১০,০০০ | ৫,০০০ |

৪। বাণিজ্যক ব্যাংক ও বীমা প্রতিষ্ঠানের জন্য:

| শ্রেণি | বৎসরের যেকোন দিনে নিয়োজিতব্য শ্রমিক বা কর্মচারীর সর্বোচ্চ সংখ্যা | লাইসেন্স ফি (টাকা) | লাইসেন্স নবায়নের ফি (টাকা) |
|---|---|---|---|
| এ | ১-৩০ | ৫০০০ | ৩০০০ |
| বি | ৩১-৫০ | ৭,০০০ | ৪০০০ |
| সি | ৫১-১০০ | ১০,০০০ | ৭,০০০ |
| ডি | ১০১-৩০০ | ১২,০০০ | ৯,০০০ |
| ই | ৩০১-৫০০ | ১৫,০০০ | ১০,০০০ |
| এফ | ৫০১-৭৫০ | ১৭,০০০ | ১২,০০০ |
| জি | ৭৫১-১০০০ | ১৬,০০০ | ১৫,০০০ |
| এইচ | ১০০১-তদূর্ধ | ২০,০০০ | ১৭,০০০ |

**৫। দোকান, সুপার স্টোর, ক্লাব, রেস্টুরেন্ট ও আবাসিক হোটেল এবং কারখানা নয় এমন ধরনের উৎপাদনশীন শিল্প বা প্রতিষ্ঠানের জন্য:**

| শ্রেণি | বৎসরের যেকোন দিনে নিয়োজিতব্য শ্রমিক বা কর্মচারীর সর্বোচ্চ সংখ্যা | লাইসেন্স ফি (টাকা) | লাইসেন্স নবায়নের ফি (টাকা) |
|---|---|---|---|
| এ | ০-০১ | ১০০ | ৫০ |
| বি | ০২-০৩ | ২০০ | ৭০ |
| সি | ০৪-০৬ | ৪০০ | ১০০ |
| ডি | ০৭-১০ | ৫০০ | ২০০ |
| ই | ১১-১৫ | ১,০০০ | ৩০০ |
| এফ | ১৬-২০ | ১,৫০০ | ৫০০ |
| জি | ২১-২৫ | ২,০০০ | ৭০০ |
| এইচ | ২৬-৩০ | ৩,০০০ | ১,০০০ |
| আই | ৩১-৩৫ | ৩,৫০০ | ১,৫০০ |
| জে | ৩৬-৪০ | ৪,০০০ | ২,০০০ |
| কে | ৪১-তদূর্ধ | ৫,০০০ | ৩,০০০ |

**৬। ঠিকাদার সংস্থার শ্রেণি বিভাগ, লাইসেন্স, নবায়ন ফি ও জামানত হিসাবে বন্ড:**

| ক্র: নং | কর্মীর সংখ্যা | শ্রেণি বিভাগ | লাইসেন্স ফি | নবায়ন ফি | জামানত হিসাবে বন্ড |
|---|---|---|---|---|---|
| ১। | ১-২০০ | এ | ২০,০০০/- | ৫,০০০/- | ২,০০,০০০ |
| ২। | ২০১-৫০০ | বি | ৩০,০০০/- | ৭,০০০/- | ৩,০০,০০০ |
| ৩। | ৫০১-৭০০ | সি | ৪০,০০০/- | ১০,০০০/- | ৪,০০,০০০ |
| ৪। | ৭০১-১০০০ | ডি | ৫০,০০০/- | ১৫,০০০/- | ৫,০০,০০০ |
| ৫। | ১০০১-২০০০ | ই | ৬০,০০০/- | ১৮,০০০/- | ৬,০০,০০০ |
| ৬। | ২০০১-৪০০০ | এফ | ৭৫,০০০/- | ২০,০০০/- | ৭,৫০,০০০ |
| ৭। | ৪০০১-তদূর্ধ | জি | ১,০০,০০০/- | ২৫,০০০/- | ১০,০০,০০০ |